# প্রত্যাখ্যাত রাজা

...বাক্য পরিচর্যার মাধ্যমে প্রভুর মহিমা আজ যেন আমাদের উপর উপস্থিত হয়। আর এটি...

2 গত সপ্তাহে, আমি আবহাওয়ার জন্য একটু অসুস্থ ছিলাম। ঠিক আবহাওয়ার জন্য অসুস্থ নয়; এটি একটি পরীক্ষা ছিল যা আমাকে দিতে হয়েছিল, একটি শারীরিক পরীক্ষা। আর সেটাই আপনারা শুনেছিলেন, যে আমি হাসপাতালে ছিলাম। আমি সেখানে গিয়েছিলাম যাতে আমাকে নদীর ওপারে বারবার আসতে না হয়। আপনি একটি আপার গ্যাস্ট্রোনমিক, এবং লোয়ার গ্যাস্ট্রোনমিক করেন। আর তাদের, প্রতি কয়েক মিনিটে অন্তর, ফিরে আসতে হয়েছিল এবং এক্স-রে করতে হয়েছিল। কিন্তু আমাদের তাদের প্রতি ছয় মাস অন্তর নিতে হয়, যদি আমরা বিদেশে সেবাকার্যে যাই। ভাই রবার্টসরা, আমি মনে করি, প্রতি ছয় মাস পর পর তারা সেটি করেন। কিন্তু চার বছর ধরে আমি একটিও করিনি।

3 সমস্যা হল, আমি সেই রেড়ির তেল পছন্দ করি না, সেটাই একমাত্র বিষয়। আর তারা বলেন যে এর পরিবর্তে তারা দিতে পারেন এমন কিছুই নেই, তাই আমি, ওহ, আমি খুব অসুস্থ হয়ে যাই যখন তারা আমাকে সেই জিনিসগুলি দেন। আপনারা জানেন, আমি আপনাদেরকে বলেছি, আমার জীবন কাহিনীতে, সেই জিনিসটি আমাকে কিভাবে অসুস্থ করে তোলে। আর—আর আমি সেই জিনিসটি নিতে পছন্দ করি না। আর আমি আমার দয়ালু ডাক্তার বন্ধুকে বললাম, যদি... "সেখানে কি অন্য কিছু নেই?"

আর তিনি বললেন, "আমার মনে হয় না, ভাই ব্রানহাম।"

4 ওহ, যখন সেই ভদ্রমহিলা সেটি নিয়ে সেখানে আসেন, দেখে মনে হচ্ছিল, আমি হয়তো অতিরঞ্জিত করছি, কিন্তু, দেখতে অনেকটা একচতুর্থাংশের মতো। এটি—এটি...আমি এতটা কখনও দেখিনি। আর আমি আমার নাক চেপে ধরে খেয়ে ফেলি। আর আমি অবশেষে এটা খেয়ে ফেলি।

5 কিন্তু এখন, সমস্ত পরীক্ষার মধ্যে, এবং যা কিছুর মধ্য দিয়ে গেছে, আমি একটি ক্রটিহীন পরীক্ষার জন্য প্রভুকে ধন্যবাদ জানাতে চাই। আমি পাস করেছি, একশ শতাংশ; আমি বিশ্বের যে কোন স্থানে যেতে পারব যেখানে আমি যেতে চাই। আমি ডাক্তারদের জিজ্ঞাসা করলাম, যারা তিনজন সেরা বিশেষজ্ঞ ছিলেন, আমি—

আমি অনুমান করি, লুইসভিলেতে। আর আমি তাদের জিজ্ঞাসা করলাম, আমি বললাম, “আমি কি দশ শতাংশ অক্ষম ?”

6 বললেন, “আপনি একটুও অক্ষমতা নন।” বললেন—বললেন, “আপনার স্বাস্থ্য সব দিক থেকে ঠিক আছে।” আর আমি ঈশ্বরের কাছে অনেক কৃতজ্ঞ। এটা আমাদের স্বর্গীয় পিতা ছাড়া আর কারো কাছ থেকে আসতে পারে না, দেখুন, এটি ?

7 আর তিনি বললেন, “আপনার...আপনার সমস্ত প্রবাহ দেখায়, সেখানে, আপনি যুবক আছেন।” তিনি বললেন, “আপনার রক্তকণিকা এখনও ভাঙতে শুরু করেনি, অথবা অন্যকিছু।” তিনি বললেন, “আপনি খুব ভালো অবস্থায় আছেন, ভাই ব্রানহাম।”

আর আমি বললাম, “ঠিক আছে, আমি খুব খুশি।”

8 আর আমার কথা বলার ও সাক্ষ্য দেওয়ার সৌভাগ্য হয়েছিল, সেই হাসপাতালের প্রতিটি নার্স এবং প্রতিটি ডাক্তারের সঙ্গে, ঈশ্বরের রাজ্যের বিষয়ে। আর একজন ডাক্তার, আমি মনে করি আজ সকালে তার এখানে আসার কথা। আর আমি—আমি... আমি জেনে আনন্দিত যে এই পৃথিবীতে এখনও ভালো মানুষ রয়েছেন, প্রকৃত লোক, যারা আমাকে পাঁচ দিনের জন্য নিয়ে যেতেন, শারীরিক পরীক্ষার মাধ্যমে, যা সম্ভবত প্রতিটির জন্য দুই অথবা তিনশ ডলার খরচ হত। যখন আমি এর মধ্যে দিয়ে গেলাম, তারা বলল, “এটি প্রভুর কাজের জন্য আমাদের অবদান, যা আপনারা করছেন।” দেখুন ? হ্যাঁ। এমনকি না...বললেন, “কেন, আপনারা আমাদের বিব্রত করেন, এই জিজ্ঞাসা করে যে আপনারা আমাদের ঋণী কিনা।” বললেন, “আমাদের জন্য শুধু আপনার প্রার্থনাই যথেষ্ট !”

9 “আর ভিতরে,” তারা বললেন, “আমরা একটি আবেগপূর্ণ কিছু খুঁজে পেয়েছি যা আমরা বুঝতে পারি না।” আর আমি বললাম...“আমরা...এটা—এটা বলে মনে হয় না...” তিনি বললেন, “বাহ্যিকভাবে, আপনি নার্ভাস বা বিরক্ত নন। কিন্তু,” বললেন, “অভ্যন্তরীণভাবে, সেখানে এমন একটি আবেগ আছে যা আমরা বুঝতে পারি না।”

10 আমি বললাম, “আপনি যদি এখানে কিছুক্ষণ বসে থাকেন, আমি আপনাকে বলব।” আর আমি দর্শনের বিষয়ে কথা বলতে গিয়েছিলাম। এটা তাদের জন্য অন্য ক্ষেত্র ছিল। তারা এই বিষয়ে কিছুই জানত না। আমি তাদের বাইবেল সম্পর্কে বলেছিলাম। তারপর আমি তাদের সেই দর্শনের কথা বললাম যা প্রভু আমাকে

অন্য দিন দিয়েছিলেন, আর তারা শিশুদের মতো কাঁদতে থাকে। সেখানে বসে কাঁদতে থাকে। আর আমি...তারা...আমি বললাম, "আমি আশা করি আপনারা আমাকে ধর্মীয় পাগল বা কিছু মনে করবেন না।"

11 বললেন, "কোন ভাবেই নয়, ভাই ব্রানহাম। আমি সেটি আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি।" তিনি বললেন, "কিন্তু শুধু একটি বিষয় আমি বলতে চাই: আপনি এই বিষয়গুলি শেখার জন্য স্কুলে যান নি।" বললেন, "আমি বিশ্বাস করি যে এগুলি সর্বশক্তিমান ঈশ্বরের কাছ থেকে এসেছে।" আর তিনি লুইসভিলের তিনজন উত্তম চিকিৎসকের মধ্যে একজন ছিলেন, তাদের মধ্যে সেরা চিকিৎসক। আর, তাই, আমি এর জন্য খুব খুশি, এবং এটা জানতে পেরে যে হয়তো প্রভু আমাকে সেখানে কিছু বীজ রোপণ করতে দিবেন।

12 প্রত্যেক নার্সের সঙ্গে কথা বলেছি। তারা, একদিন সকালে, এক্স-রে রুম থেকে বেরিয়ে আসার সময়, আমি তাদের বললাম...আমি একজন দরিদ্র বৃদ্ধার দিকে তাকালাম। তিনি খুব অসুস্থ ছিলেন। আর আমি নিচে নামতে থাকলাম, যতক্ষণ না আমি তার কাছে গেলাম। আমি ভেবেছিলাম তিনি হয়তো মারা যাচ্ছেন। আর আমি বললাম, "আমি আপনাকে একটি প্রশ্ন করতে চাই, বোন।"

তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়।"

আমি বললাম, "আপনি কি খ্রিস্টান?"

আর তিনি বললেন, "আমি একটি *নির্দিষ্ট* গির্জার অন্তর্গত।"

13 আর আমি বললাম, "আমি এটা একটু পরিষ্কার করতে চাই।" আমি বললাম, "আমি—আমি জানতে চাই আপনি কি একজন খ্রিস্টান, সত্যিই একজন খ্রিস্টান। যদি আপনি এই জীবনের সমুদ্র অতিক্রম করে অন্য দেশে যান, আপনি কি তাকে ভালবাসেন?" আমি বললাম, "আপনি কি সত্যিই পরিত্রাণ পাবেন?"

আর সে বলল, "হ্যাঁ, মহাশয়। আমি পাব।"

14 আর আমি বললাম, "ঈশ্বর তাহলে আপনার হৃদয়কে আশীর্বাদ করুন। বাতাস যে পথেই বয়ে যাক না কেন, আপনি তাহলে ঠিক আছেন, যতক্ষণ এটা এভাবে চলতে থাকে।"

15 আর যদি আমরা ঘুরে আসি, পৃথিবীতে এখনও অনেক ভালো মানুষ বাকি আছেন।

16 এখন, আজ, আমি একটি দর্শন নিয়ে এসেছি যা আমি আপনাকে একটু পরে বলব। আর আমি প্রথমে কথা বলতে চাই, বাক্যের কিছু বিষয়ে, কারণ আমি বিশ্বাস করি বাক্য খুবই প্রয়োজনীয়, এখন যেটি সবচেয়ে প্রয়োজনীয়। আর আমি চার্লি কক্সকে দেখে আনন্দিত, আর, ভাই, আমার বন্ধু সেখানে একসাথে দাঁড়িয়ে আছেন। ভাই, আমি ভাবতে পারি না...জেফ্রিস, আমি তার নাম ভাবতে পারছি না। অনেক অন্যান্য মূল্যবান ভাইয়েরা জর্জিয়া থেকে, দেশের বিভিন্ন স্থান থেকে। আমার পুরানো বন্ধু, বিল, আমি বিশ্বাস করি আজ সকালে এখানে বসে আছেন। আর—আর অনেক...আর জর্জিয়া থেকে ভাই, যারা আমাকে এই স্যুটটি দিয়েছেন। আপনারা জানেন, এটা—এটা আমার পরিধান করা সেরা স্যুটগুলির মধ্যে একটি। খুব ভালো লাগছে, সত্যিই খুব ভালো লাগছে। আর আপনারা আমার কাছে অনেক মূল্যবান। যখন আমি আপনাদের বলি কি ঘটেছে, এই গত কয়েকদিন ধরে, আমার কাছে, আপনারা দেখতে পাবেন কেন আমি মনে করি এটা আমার কাছে এত গুরুত্বপূর্ণ।

17 এখন, আমি বিশ্বাস করি, যদি প্রভু ইচ্ছুক হন, আমি আমার জীবনে আগের চেয়ে আরও কঠিন যুদ্ধে যেতে চাই। কারণ, আমি এখন খুঁজে পেয়েছি...অবশ্যই, আমি আজ মারা যেতে পারি। যা, আপনি জানেন না। আমার ইলেক্ট্রো-কার্ডিওগ্রাম এবং সবকিছু, ষোলটি বিভিন্ন ধরণের এক্স-রে, হ্যাঁ, একটি পূর্ণ শারীরিক চেক আপ, দেখিয়েছে যে আমি...ততটা স্বাভাবিক যা কোন ব্যক্তি হতে পারেন, একজন মানুষ পৃথিবীতে। তাই আমি এর জন্য কৃতজ্ঞ। কিন্তু, সব কিছু, এমনকি সেই সব কিছু, আমি ঈশ্বরের কাছে কৃতজ্ঞ, যে আমি, আমি বিশ্বাস করি যে তিনি আমাকে এখনও তাঁর সেবায় রেখেছেন, এটি তা ছিল না যা তিনি আমাকে একটু আগে দেখিয়েছিলেন, দেখুন, আমাকে সেটি খুব খুশি করেছে।

18 এখন, আমি মনে করি, আজ রাতে...আপনাদের সবকিছু ঠিক আছে? [ভাই নেভিল বলেন, "হ্যাঁ, মহাশয়।"—সম্পাদকীয়।] আমাদের—আমাদের মূল্যবান ভাই—একজন নিঃস্বার্থ ব্যক্তি, তিনি—তিনি ভাই নেভিল। আর যদি আপনাদের মধ্যে কেউ গত রবিবার এখানে থাকেন এবং তিনি যে বিস্ময়কর বার্তাটি নিয়ে এসেছিলেন তা শুনে থাকেন, "তৈলের ভাঁড়," এটা ছিল বাইরে-...আমি কখনও শুনেছি সবচেয়ে অসাধারণ বার্তাগুলির মধ্যে একটি, ভাই নেভিল যা নিয়ে এসেছিলেন, পবিত্র আত্মার দ্বারা, গত রবিবার, এই ছোট্ট মেষের দল যাকে ঈশ্বর একত্রিত

করেছেন।

19 আর যদি এটা ঠিক হয়, প্রভুকে খুশি করার জন্য, ভাই নেভিল এবং মণ্ডলী সাথে, আমি আজ রাতে আবার কথা বলতে চাই এবং একটি ক্রম শুরু করতে চাই, ধরুন, সোমবার রাতে...আমি বলতে চাচ্ছি, রবিবার রাতে, এবং বুধবার রাতে, এবং পরের রবিবার, একটি ক্রম যা আমি অধ্যয়ন করেছি।

20 আমাকে হাসপাতালে থাকতে হত না। কিন্তু তারা আমার সঙ্গে খুব ভালো ব্যবহার করেছে, তারা আমাকে প্রায় এক-তৃতীয়াংশ মূল্যে কক্ষটি দিয়ে দেয়। আর তাই আমি আমার বাইবেল, আমার বইগুলি নিয়ে যাই, আর বিছানায় ছড়িয়ে, সব কিছু সেখানে রেখেছিলাম, আর আমার সমস্ত বাইবেল এবং জিনিসপত্র চারপাশে ছড়িয়ে ছিল। আর আমার সত্যিই খুব ভালো সময় যাচ্ছিল, যতক্ষণ না তারা সেখানে সেই রেড়ির তেল নিয়ে আসে। আমার ভালো সময় সেখানেই শেষ হয়ে যায়। আমি—আমি তখন শেষ হয়ে গিয়েছিলাম। কিন্তু, ভাই প্যাট, আমি সত্যিই অসুস্থ ছিলাম। সেই জিনিসটির জন্য, আমার এটি একদম পছন্দ হয়নি। কিন্তু আমি প্রথম তিন বা চার দিন ভালো সময় পেয়েছিলাম। আমি একটি ভালো সময় পেয়েছিলাম।

21 আর আমি ইফিষীয় পুস্তকটি অধ্যয়ন করছিলাম। ওহ, মণ্ডলীর সেই স্থাপনা ! আর আমি মনে করি এটি একটি সুন্দর বিষয়।

22 আর—আর যদি আপনার, এখন, যদি আপনার একটি গির্জা থাকে যেখানে আপনি যান, আপনি ঠিক সেখানে এগিয়ে যান এবং আপনার দায়িত্বের পদে দাঁড়ান। কিন্তু যদি আপনার কোন গির্জা না থাকে, এবং আপনি আজ রাতে, এবং বুধবার রাতে, এবং রবিবার রাতে এখানে আসতে চান, আমি আজ রাতে নিতে চাই, ইফিষীয় ১ম পুস্তক, এবং বুধবার রাতে, ইফিষীয় ২য় অধ্যায়, এবং পরের রবিবার, ইফিষীয় ৩য় অধ্যায়, মণ্ডলীকে ক্রমানুসারে নিয়ে আসার জন্য। আপনারা জানেন আমি কি বলতে চাইছি, এটা—এটা স্থাপন করা, নিজ নিজ স্থানে। আর আমি মনে করি এটি একটি গড়ে তোলা, মন্ডলীর জন্য।

23 আমি নই...আমি—আমি ব্রানহাম ট্যাবারনাকলের আগতদের উদ্দেশ্যে এটা বলছি।

24 আর যদি আপনাদের প্রিয় ভাইদের মধ্যে কেউ...আমি জানি আপনাদের মধ্যে কেউ কেউ, আমি মনে করি, সভা করেছেন। আমাদের ভাই সেলার্সবার্গে আছেন, আর—আর বিভিন্ন ভাইরা, সভা করছেন। এখন, দেখুন, সেগুলি হল পুনরুজ্জীবন সভা।

আপনারা সেগুলোতে অংশগ্রহণ করুন। তারা খ্রীষ্টের দাস, তরুণ যুবকরা যারা বিচ্ছেদ করেছেন, যারা বেরিয়ে এসেছেন। যখন তাদের নিজস্ব মণ্ডলী সত্যকে অস্বীকার করেছিল, এবং এই জাতীয় বিষয়গুলি, তারা সেখান থেকে সরে এসেছেন। আর ঈশ্বর তাদের সেবাকার্যের জন্য আহ্বান করেন। হ্যাঁ, মহাশয়। আমি—আমি একজন ব্যক্তির প্রশংসা করি...আমি সেই ব্যক্তির নাম মনে করতে পারছি না। কিন্তু তিনি একজন যুবক, ভালো, সুদর্শন ব্যক্তি আর একজন ভালো স্ত্রী এবং সন্তান।

25 আর—আর ভাই জুনি জ্যাকসন এখানে কিছু সভা করছেন, যা আরেকটি চমৎকার, ঈশ্বরের আশ্চর্য অনুগ্রহের অসাধারণ দান। আর যখন তারা আপনার মন্ডলীতে পুনরুজ্জীবন পায়, আপনি সরাসরি তাদের কাছে যান, কারণ সেটি আপনার...এটাই করার বিষয়। কারণ, আপনি জানেন না, একজন পাপী বেদীতে আসতে পারেন, আর আপনি সেই ব্যক্তিকে খ্রীষ্টের কাছে নিয়ে যাওয়ার জন্য প্রভাবিত হতে পারেন, যা অপর দিকে আপনার মহান পুরষ্কার হবে।

26 এটা শুধু শিক্ষাদান এবং মণ্ডলীকে শৃঙ্খলায় স্থাপন করা, এখানে ট্যাবারনাকেলে, আমরা যখন এগিয়ে যাচ্ছি।

27 এখন, আমি আমার ঘড়ি আনিনি, তাই কাউকে না কাউকে আমার জন্য ঘড়ি দিতে হবে। ডক আমাকে দেখিয়েছেন, তার একটি আছে, তাই, আমার ভাই। তাই এখন...[ভাই এডগার "ডক" ব্রানহাম বলেন, "আমি এর জন্য আপনার কাছে টাকা নিব না," এবং তার ঘড়ি ভাই ব্রানহামকে দেন—সম্পাদকীয়।] আপনি এর জন্য আমাকে খুব বেশি চার্জ করবেন না? ঠিক আছে। ঠিক আছে, এখন, এটা ঠিক আছে। ঠিক আছে, এখন, আমি বিশ্বাস করি না যে বিষয়টি সঠিক, শুরু করার জন্য। তাই...["ধন্যবাদ। আমি আপনার সম্পর্কে একটি বলতে যাচ্ছি।"] এখন, ওহ, ওহ, শ, শ, শ, শ। ["আমি দশ পেনি রেখেছিলাম, আমার জন্মদিনে, আজ সকালে, আপনাকে ভালো বোধ করানোর জন্য।"] আপনি করেছেন? এখন সেটা...তাহলে এই ঘড়ির কাটা অনেক ভালো ঘুরছে, ডক। বলেছিলেন যে তিনি দশ পেনি রেখেছিলেন, তার জন্মদিনে, আমাকে ভালো বোধ করানোর জন্য, কারণ তার আর আমার মধ্যে দুই অথবা তিন আছে। যাতে আপনারা দেখতে পারেন আমি কোথায় আছি, রাস্তার নিচে। কিন্তু, ওহ, এটা আমার কাছে এক টুকরো ব্যাপার নয়। এখন, আমি বেশিক্ষণ কথা বলব না।

28 এখন, যদি আমাদের দ্বারে অপরিচিত কেউ থাকেন, আমরা নিশ্চিতভাবে আমাদের সমস্ত হৃদয় দিয়ে আপনাকে স্বাগত জানাতে

চাই। আপনাকে এখানে এই ছোট্ট টুয়াবারনাকেলে স্বাগত জানাই। আমাদের কাছে খুব বড় ভবন নেই। এটা এখন আমাদের তৈরি করার জন্য কর্মসূচির মধ্যে আছে, একটি বড় স্থান নয়, কিন্তু একটি...এটি বেশ জীর্ণ হয়ে গেছে। আর আমরা এখানে একটি সুন্দর ছোট আরামদায়ক গির্জা তৈরি করার চেষ্টা করতে যাচ্ছি, যত তাড়াতাড়ি...প্রভু আমাদের এটি করার অনুমতি প্রদান করেন। আর আপনাদের অনেকেই এর জন্য প্রচেষ্টা করছেন, আর আমরা নিশ্চিতভাবে এর প্রশংসা করি।

29 এখন আমি চাই আপনি আমার সাথে খুলুন, আজ সকালে, পাঠ করার সময়, প্রথম শমূয়েলের ৮ম অধ্যায়, আর শুরু করি, আসুন ১৯ তম পদ দিয়ে শুরু করি, ১৯ তম এবং ২০ তম পদ, হতে পারে, একটি প্রসঙ্গের জন্য একটি ছোট্ট পাঠ্য।

30 আর এখন, যখন আপনারা এটা খুঁজে পান, আর আগে... আমরা এটি পাঠ করব, আর তারপর আমরা প্রার্থনায় যেতে চাই। আর আজ সকালে যদি কোন অনুরোধ থাকে, বলুন, "আমাকে মনে রাখবেন" ? আমাদের শেষ সাক্ষাতে, দুই সপ্তাহ আগে, অথবা তিন, যখন আমি সভা করেছিলাম...বলুন, আমরা...

31 যাইহোক, যখন আপনারা খুলছেন, চৌতাকুয়াতে সভা শুরু হবে, এখন ৬ তারিখে। আমরা একটি দুর্দান্ত সময়ের অপেক্ষা করছি, মিডলটাউন, ওহাইওতে। আপনাদের যাদের ছুটি রয়েছে, চলে আসুন। আর একটি বড় শিবির, নদীর ঠিক তীরে, যেখানে, ওহ্, আমরা...সকল প্রচার যা আপনারা কখনও শুনেছেন। তারা সবাই নদীর উপরে-নিচে, প্রচারকরা, প্রতিদিন সকালে, দিনরাত। তাই তারা সবাই একত্রিত হয়। এটি একটি বড় ক্যাম্পগ্রাউন্ড, সিলভার হিলস থেকে অনেক গুণ বড়। আর—আর তারপর সেখানে একটি বড় স্থানে যেখানে আমরা আট থেকে দশ হাজার লোক রাখতে পারি। আর এটি সবসময় ভিড়ে ঠাসা। ওহাইওতে আমরা খুব ভালো সময় কাটিয়েছি।

32 আর বৃদ্ধ ভাই কিড, যার জন্য আমি প্রার্থনা করতে গিয়েছিলাম, অন্য সকালে। আপনাদের সবার মনে আছে, তিন সপ্তাহ আগে আমি আপনাদের বলেছিলাম? ডাক্তার তাকে চব্বিশ ঘন্টা সময় দিয়েছিলেন, বেঁচে থাকার জন্য। তিনি উঠে দাঁড়িয়ে ঘুরে বেড়াচ্ছেন। তিনি একটি বাক্য উদ্ধৃত করেছিলেন, এমন একটি গান যা তিনি গাইতে পারেননি। আর যখন আমি ভিতরে গিয়ে তাকে দেখলাম, অন্য সকালে, আর তার উপর সেই ছোট্ট চাদর। আমি এখান থেকে প্রায় তিন বা চার ঘন্টা আগে চলে এসেছি, যাতে আমি

তার কাছে যেতে পারি। তারা বলেছিল যে তিনি সেদিন মারা যাবেন; প্রোস্টেট ক্যান্সারে।

33 আর তার মূল্যবান, বৃদ্ধ স্ত্রী, প্রতিদিন পঞ্চাশ সেন্টের জন্য ধোয়ার কাজ করতেন; সেটা ভোর হওয়ার আগের থেকে, রাত হওয়ার পর পর্যন্ত, পঞ্চাশ সেন্টের জন্য, তার স্বামীকে প্রচারক হিসাবে ক্ষেত্রে রাখার জন্য। দুই সপ্তাহের পুনরুজ্জীবন প্রচার করেছিলেন, এবং একটি দান গ্রহণ করেছিলেন, আশি সেন্ট পেয়েছিলেন।

34 কিন্তু আমি তাদের অপর সকালে সেখানে বসে থাকতে দেখেছি, তারা দুজন বৃদ্ধ দম্পতি, একটি ছোট দম্পতি, বরং, সেখানে বসে আছেন, এবং তার কাঁধে তার ছোট্ট চাদর। আর তার ধর্মান্তরিতদের মধ্যে একজন, বাহান্ন বছর বয়সী, ঠিক ততটাই দীপ্তবান এবং উজ্জ্বল, এবং পেন্টিকোস্টের মূলে, সেখানে বসে, আপনারা জানেন। আর আমি বললাম, "আপনি জানেন আপনারা কিসের জন্য এখানে আছেন? শুধু নৌকা আসার অপেক্ষায়।" এটাই সব। তাদের কাজ, তারা যা অর্জন করেছে, একটি—একটি উদ্দেশ্য তারা অর্জন করেছে, এবং তারা এখন তাদের পুরষ্কার পেতে প্রস্তুত।

35 আর আমি ভাই চেভকে বলেছিলাম, যে ভাই কিডসন... কিডকে, সেই সকালে, "আপনি চৌতাকুয়া সভায় থাকবেন।"

36 তিনি গতকাল আমাকে ডেকে বলেছিলেন, "আমি...আমি সেখানে থাকব, ভাই ব্রানহাম।" ঠিক আছে।

37 অনেক সভায়, যখন আমার নতুন সেবাকার্য্য আসছে। একজন ভাই, ব্যাপটিস্ট ভাই এখানে দাঁড়িয়ে আছেন, তার মেয়ে, কিশোরী, একটু বিপথগামী হয়ে পড়েছিল। আর তাকে বললেন, "আমি প্রভু যীশুর জন্য আপনার কন্যাকে দিচ্ছি," অন্যদিন সকালে। আর যখন তিনি বাড়িতে যান, সে রক্ষা পায়। আর অন্য একজন আজ সকালে এখানে, বাপ্তিস্ম নিতে যাচ্ছেন।

38 আর একজন ব্যক্তি, মিস্টার সোথম্যান, কানাডা থেকে আমার একজন বন্ধু, তার শাশুড়ি মারা যাওয়ার অবস্থায়, বললেন, "আপনি আপনার শাশুড়িকে খুঁজে পাবেন যখন আপনি সেখানে যান, ঠিক আছে, তার সুস্থতার পথে, ঠিক আছে।" এটা ঠিক এই ভাবে হয়েছিল। আর শুধু...লোকেরা আসতে থাকেন। এটা এখন তার শৈশবে, চলন্ত। কিন্তু, ওহ, আমরা প্রত্যাশা করছি অত্যধিক,

প্রচুরভাবে সবার উপরে। আমরা মন্দ এবং শেষ সময়ে আছি, কিন্তু একটি মহিমান্বিত সময়।

39 এখন আপনার কাছে কি আপনার বাইবেল আছে, পাঠ করার জন্য, শমূয়েলের ৮ম অধ্যায় ? আর আমি জিনকে সেখানে থাকার প্রতিশ্রুতি দিয়েছিলাম, বাকিটা রেকর্ড করার জন্য। আমরা সবে শুরু করেছি, আমাদের সভায়।

> *তথাপি লোকেরা শমূয়েলের বাক্যে কর্ণপাত করিতে অসম্মত হইয়া কহিল; না; আমাদের উপরে এক জন রাজা চাই;*
>
> *তাহাতে আমরাও...আর সকল...*জাতি, *জাতির সমান হইব; এবং আমাদের রাজা আমাদের বিচার করিবেন, ও আমাদের অগ্রগামী হইয়া যুদ্ধ করিবেন।*
>
> *...তখন শমূয়েল লোকদের সমস্ত কথা শুনিয়া সদাপ্রভুর কর্ণগোচরে...নিবেদন করিলেন।*
>
> *তাহাতে সদাপ্রভু শমূয়েলকে কহিলেন, তুমি তাহাদের বাক্যে কর্ণপাত কর, তাহাদের নিমিত্ত এক জনকে রাজা কর। পরে শমূয়েল ইস্রায়েল লোকদিগকে কহিলেন, তোমরা প্রত্যেকে আপন আপন নগরে যাও।*

40 এখন যদি, আজ সকালে, আমি এটি থেকে বেছে নেওয়ার চেষ্টা করি, আমি যাকে একটি পাঠ্য বলব, আগামী কয়েক মিনিটের জন্য, আমি এই পাঠ্যটি চয়ন করতে চাই: *প্রত্যাখ্যাত রাজা*।

41 এটি এমন একটি সময় ছিল, যেমন সব সময়ের মতো, লোকেরা কখনই চায়নি যে ঈশ্বর তাদের নেতৃত্ব প্রদান করুন। তারা তাদের নিজস্ব নেতৃত্ব চেয়েছিল। আর এই গল্পটি আজ সকালে...আর যখন আপনারা আপনাদের বাড়িতে যান, তখন এটি সম্পূর্ণ পড়া আপনার জন্য উত্তম হবে। এটা শমূয়েলের সময়—সময়ে হয়েছিল, ঈশ্বরের লোক, ভাববাদী। আর তিনি একজন ন্যায়পরায়ণ ব্যক্তি ছিলেন, এবং একজন ভালো মানুষ, সম্মানিত, খ্যাতনামা, লোকদের কাছে সত্য এবং সৎ ছিলেন, তাদের কখনও প্রতারিত করতেন না, এবং সোজাসুজি **সদাপ্রভু এই কথা কহেন** বলতেন।

42 কিন্তু জনগণ এমন একটি স্থানে এসেছিল যেখানে তারা এই কর্মসূচি পরিবর্তন করতে চেয়েছিল। তারা পলেষ্টীয়দের, এবং অমালেকীয়দের, ইমোরীয়দের, হিত্তীয়দের এবং বিশ্বের অন্যান্য জাতিদের দিকে তাকিয়েছিল, আর তারা দেখেছিল যে তাদের রাজারা তাদের শাসন করতেন এবং তাদের শাসন করতেন, এবং

তাদের পথপ্রদর্শন করতেন, এবং তাদের জন্য যুদ্ধ করতেন, ইত্যাদি। আর এটি দেখে মনে হয়েছিল যে ইস্রায়েল নিজেদেরকে এই রাজাদের মতো এবং এই লোকদের মতো করতে চেয়েছিল।

43 কিন্তু এটি, কোন যুগেই ঈশ্বরের উদ্দেশ্য ছিল না, তাঁর লোক জগতের লোকদের মতো আচরণ করে, অথবা জগতের লোকদের মতো শাসিত বা নিয়ন্ত্রিত হয়। ঈশ্বরের লোকেরা, বরাবরের মতো, এক—এক অদ্ভুত ধরনের মানুষ, একপ্রকার ভিন্ন মানুষ, বাইরে আহ্বান করা, আলাদা করা লোক, এবং তাদের কর্মে, তাদের পথে, তাদের জীবনযাত্রায় সম্পূর্ণ ভিন্ন, পৃথিবীর লোকদের যা আছে তার থেকে। জিনিসের প্রতি তাদের ক্ষুধা, এবং তাদের ধরন, জগতের লোকেরা যা চায় তার সর্বদাই বিপরীত।

44 আর ইস্রায়েলের লোকেরা শমূয়েলের কাছে এসে বলল, "এখন, আপনি বৃদ্ধ হয়ে যাচ্ছেন, এবং আপনার পুত্রেরা আপনার পথে চলে না।" কারণ, তারা শমূয়েলের মতো সত্য ছিল না। তারা উৎকোচ গ্রহণ করত এবং অর্থ গ্রহণকারী ছিল। আর তারা বলল, "শমূয়েল, আপনার ছেলেরা আপনার মত নয়, তাই আমরা চাই আপনি বাইরে গিয়ে আমাদের জন্য একজন রাজা খুঁজে বের করুন, এবং তাঁহাকে অভিষেক করুন, এবং জগতের অন্যান্য লোকদের ন্যায় আমাদিগকে প্রজা করুন।"

45 আর শমূয়েল তাদের বলার চেষ্টা করেছিলেন যে এটি কাজ করবে না। তিনি বললেন, "তোমরা যদি তা কর, প্রথম বিষয় তোমরা জেনে নেও, তোমরা দেখতে পাবে যে সে তোমাদের সকল পুত্রকে তোমাদের বাড়ি থেকে ডেকে আনবে, আর তাদের রথের সামনে দৌড়ানোর জন্য এবং বর্ম ও বর্শা বহন করার জন্য তাদের মধ্য থেকে সৈন্য তৈরি করবে। শুধু তাই নয়, সে তোমাদের কন্যাদের ডেকে পাঠাবে, রুটি তৈরি করার জন্য, এবং তাদের তোমাদের কাছ থেকে কেড়ে নিবে, সেনাবাহিনীর পাচিকার জন্য। আর," বললেন, "সেই সব ছাড়াও, সে তোমাদের থেকে, তোমাদের শস্য এবং তোমাদের সমস্ত আয় থেকে একটি নির্দিষ্ট কর আদায় করবে। সে এই সমস্ত কিছুর উপর কর প্রয়োগ করবে, নির্দিষ্ট সরকারী ঋণের জন্য এবং আরও অনেক কিছু, যা পরিশোধ করতে হবে।" তিনি বললেন, "আমি মনে করি তোমরা সম্পূর্ণ ভুল করছ।" কিন্তু যখন...

46 লোকেরা বলল, "কিন্তু আমরা তবুও বাকি লোকদের মতো হতে চাই।" পুরুষ এবং মহিলাদের মধ্যে এমন কিছু আছে, যে তারা একে অপরের মতো হতে চায়। আর পৃথিবীতে শুধুমাত্র একজন মানুষ ছিলেন যিনি আমাদের উদাহরণ, আর তিনিই আমাদের সকলের

জন্য মৃত্যুবরণ করেছিলেন, আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্ট। আমাদের কেমন হওয়া উচিত তার নিখুঁত উদাহরণ তিনি ছিলেন, সর্বদা পিতার কাজে, আর যা সঠিক তা করছিলেন।

47 আর শমূয়েল যতই লোকদের বোঝানোর চেষ্টা করুন না কেন, তারা ক্রমাগত তার পিছনে পিছনে যেতে থাকে, দিনরাত, "আমাদের একজন রাজা চাই। আমাদের একজন ব্যক্তি চাই। আমাদের এমন একজন ব্যক্তিকে চাই যাকে আমরা বলতে পারি, 'ইনি আমাদের পথপ্রদর্শক।'"

48 আর এটা কখনও ঈশ্বরের ইচ্ছা ছিল না। এটা কখনও ঈশ্বরের ইচ্ছা ছিল না, আর কখনও ঈশ্বরের ইচ্ছা হবে না, যে মানুষ একে অপরকে শাসন করুক। ঈশ্বর মানুষের উপর শাসন করেন। ঈশ্বর আমাদের শাসক, আমাদের রাজা।

49 আর এটি আজকের একটি বড়, বড় বিপদ, কারণ সেই লোকদেরও একই ধারণা আছে বলে মনে হয়। তারা বুঝতে সক্ষম বলে মনে হয় না, যে ঈশ্বর এখনও মানুষকে শাসন করেন, মানুষ মানুষকে শাসন করার পরিবর্তে।

50 তাই তারা নিজেদের জন্য শৌল নামে একজন ব্যক্তিকে বেছে নিলেন, তিনি কীশের পুত্র ছিলেন। আর তিনি ছিলেন একজন সম্মানিত ব্যক্তি, একজন সম্মানিত ব্যক্তি। তিনি লোকদের কাছে উপযুক্ত মনে হয়েছিল, কারণ তিনি একজন বিশালাকৃতির, লম্বা, অভিজাত, একজন ব্যক্তি ছিলেন। শাস্ত্র বলে যে তিনি ইস্রায়েলের যে কোনও ব্যক্তির মাথা এবং কাঁধের উপরে ছিলেন। তিনি দেখতে রাজকীয় ছিলেন, আর চেহারায় তিনি ছিলেন সুদর্শন। তিনি একজন মেধাবী এবং একজন অসাধারণ মানুষ ছিলেন।

51 এখন, সেই ধরনের ব্যক্তিকে আজ লোকেরা বেছে নিতে পছন্দ করে। ঈশ্বর তাঁর মণ্ডলীকে যেভাবে স্থাপন করেছেন, তাতে লোকেরা সন্তুষ্ট বলে মনে হয় না, পবিত্র আত্মা দ্বারা পরিচালিত এবং নিয়ন্ত্রিত হতে। তারা চায় কেউ, কোন ব্যক্তি, কোন ধর্মসম্প্রদায়, কোন বিশেষ ব্যক্তি মণ্ডলীকে শাসন করুক। যে, তারা নিজেদেরকে সম্পূর্ণরূপে ঈশ্বরের হাতে তুলে দিতে, আধ্যাত্মিক হতে, পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হতে সক্ষম নয়। তারা চায় যে, কেউ তাদের জন্য, তাদের ধর্ম পালন করুক, এমন কেউ যে তাদের বলবে কিভাবে এটি করতে হবে, এবং এই সম্পর্কে।

52 তাই এই লোকটিকে সেই স্থানটির জন্য ঠিক মানানসই বলে মনে হয়েছিল, কারণ তিনি খুব বুদ্ধিমান ব্যক্তি ছিলেন।

53 আর এটা অনেকটা আজকের মতো। আমরাও এই ধরনের লোকদের বেছে নিতে চাই, আমাদের মণ্ডলীকে নিয়ন্ত্রণ করার জন্য, ঈশ্বরের মণ্ডলীকে নিয়ন্ত্রণ করার জন্য। এর বিরুদ্ধে আমার কিছু বলার নেই, কিন্তু শুধু একটি বিষয় তৈরি করার জন্য, যে: এইরকম করা, এটি এখন নয়, এটি ছিল না, এবং এটি কখনও ঈশ্বরের ইচ্ছা হবে না। ঈশ্বর তাঁর লোকদের শাসন করেন, প্রতিটি ব্যক্তিকে শাসন করেন।

54 তারপর আমরা দেখতে পাই যে কীশের এই পুত্র, মহান ব্যক্তি, আর—আর তার গুণাবলী, আর তার...তিনি লোকদের কাছে উপযুক্ত বলে মনে হয়েছিলেন, যাতে তার উপর তার পোশাকটি সুন্দর দেখায়। আর তার মাথায় মুকুট, অন্য সমস্ত লোকদের উপরে, যখন তিনি হেঁটে যান, ইস্রায়েল রাজ্যের একজন—একজন প্রকৃত সম্পদ হবেন। কারণ, অন্যান্য রাজারা, অন্যান্য জাতিদের, তারা ভাববে, "দেখো, কত সুন্দর দেখতে!" তারা কিভাবে তাদের আঙুল দেখিয়ে বলতে পারবে, "এখানে দেখুন, আমরা কত মহান রাজা পেয়েছি! দেখুন কত মহান ব্যক্তি আমাদের উপরে আছেন!"

55 আর দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, কিন্তু আজ মণ্ডলীর ক্ষেত্রে এটা কতটা সত্য, তারা বলতে ভালোবাসে, "আমাদের পালক একজন সংকীর্ণ মনের মানুষ নন। তিনি একজন মহান ব্যক্তি। তিনি হার্টফোর্ড থেকে স্নাতক," অথবা ধর্মতত্ত্বের কোন মহান বিদ্যালয় থেকে। "তার *অমুক-অমুক* জায়গা থেকে চারটি ডিগ্রি আছে। আর তিনি মানুষের সঙ্গে খুব ভালো মিশুকে।" সেগুলো সব ঠিক হতে পারে, এবং তার স্থান আছে। কিন্তু ঈশ্বরের পথ, তাঁর মণ্ডলীর জন্য হল পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হওয়া, এবং তাঁর আত্মার দ্বারা।

56 কিন্তু তারা বলতে পছন্দ করে যে, "আমাদের এই বৃহৎ ধর্মসম্প্রদায় আছে, আমরা যার অন্তর্গত। আমরা সবার প্রথম অগ্রগামী দিন থেকে শুরু করেছি, যখন আমরা সংখ্যালঘু ছিলাম, খুব কম লোক এবং ছোট ছিলাম। আর এখন আমরা সেই স্থান পর্যন্ত বড় হয়েছি, আমরা এখন সেখানে বৃহত্তম ধর্মসম্প্রদায়। আমাদের সেরা স্কুল আছে, এবং সেরা শিক্ষিত সেবকরা আছেন। আমাদের কাছে সবচেয়ে ভালো পোশাক পরিহিত শ্রোতাগণ রয়েছে। আর শহরের সবচেয়ে বুদ্ধিমান লোকেরা আমাদের ধর্মসম্প্রদায়ে যোগ দেন। আর আমরা দান করি। আর আমরা ভালো কাজ করি, ইত্যাদি।" আর কিছুই না, ঈশ্বর নিষেধ করুন, আমি এর বিরুদ্ধে একটি কথা যদি বলি, কারণ এগুলো ভালো।

57 কিন্তু, তবুও, এটা ঈশ্বরের ইচ্ছা নয় যে মানুষ মানুষের

উপর শাসন করুক। ঈশ্বর, পঞ্চাশত্তমীর দিনে, পবিত্র আত্মাকে পাঠিয়েছিলেন মানুষের হৃদয়ে রাজত্ব করার জন্য, এবং তার জীবনে শাসন করার জন্য। এটি মানুষের জন্য মানুষের উপর শাসন করার জন্য ছিল না।

58 কিন্তু আমরা এটা বলতে ভালোবাসি। এটি একটি খুব অসামান্য বিষয় যখন আমরা বলতে পারি, আমরা এমন একটি মহান সংস্থার অন্তর্গত।

59 "আপনি কি একজন খ্রিস্টান?" যখন আমি হাসপাতালে ছিলাম তখন আমি এই পাঠ্যটিতে চলে আসি। আর আমি একজনকে জিজ্ঞাসা করব, "আপনি কি একজন খ্রিস্টান?"

"আমি *অমুক-অমুকের* অন্তর্গত।"

"আপনি কি একজন খ্রিস্টান?"

"আমি *অমুক-অমুকের* অন্তর্গত।"

60 আর একজন সেবিকা বিছানার পাশে আসলেন, যেখানে আমি বাইবেল পড়ছিলাম, আর তিনি সেখানে একজন—একজন নতুন সেবিকা ছিলেন। আর তিনি বললেন, "আপনি কেমন আছেন।" তিনি বললেন, "আমি বিশ্বাস করি যে আপনি রেভারেন্ড ব্রানহাম, এখানে শারীরিক পরীক্ষার জন্য এসেছেন।"

আমি বললাম, "আমি।"

61 আর তিনি বললেন, "আমি কি আপনার পিঠে অ্যালকোহল লাগিয়ে দিতে পারি, আপনি একটু ভালো অনুভব করবেন?"

আর আমি বললাম, "আপনি সেটি করতে পারেন।"

62 আর যখন তিনি আমার পিঠে লাগিয়ে দিচ্ছিল, তিনি বললেন, "আপনি কোন ধর্মসম্প্রদায়ের অন্তর্গত?"

63 আমি বললাম, "ওহ, আমি প্রাচীনতম ধর্মসম্প্রদায়ের অন্তর্গত।"

আর তিনি বললেন, "এটা কোন ধর্মসম্প্রদায়?"

64 আমি বললাম, "এটি সেই সম্প্রদায় যা বিশ্ব সংগঠিত হওয়ার আগে সংগঠিত হয়েছিল।"

65 আর, "ওহ," তিনি বললেন, "কি? আমি বিশ্বাস করি না যে আমি এটা জানি।" তিনি বললেন, "আমি একটি *নির্দিষ্ট* গির্জার অন্তর্গত। এটা কি সেই সংগঠন?"

66 আমি বললাম, "না, ম্যাডাম। সেটি প্রায় দুইশ বছর আগের, সেই সংগঠনটি। কিন্তু এই সংগঠনটি শুরু হয়েছিল যখন সকালের তারারা একসাথে গান গাইত, এবং ঈশ্বরের পুত্ররা আনন্দে চিৎকার করতো, যখন তারা মানবজাতিকে উদ্ধার করার জন্য একজন ত্রাণকর্তাকে আসতে দেখেছিল।"

67 আর তিনি আমার পিঠে মালিশ করা বন্ধ করে দেন। আর আমি একটু নত হয়েছিলাম, *এই* দিকে, যাতে ভদ্রমহিলা মালিশ করতে পারেন। আর তিনি কোরিডনের কাছে থেকে এখানে এসেছিলেন। আমরা কথা বলতে থাকি। আর তিনি বললেন, "মহাশয়, আমি সর্বদা বিশ্বাস করি যে ঈশ্বর যদি কখনও ঈশ্বর হন, তিনি আজও ঈশ্বর, ঠিক যেমন তিনি বিগত দিনে ছিলেন।" তিনি বললেন, "যদিও আমার মন্ডলী স্পষ্টভাবে এটা অস্বীকার করে, কিন্তু আমি বিশ্বাস করি যে এটা সত্য।"

68 আর আমি বললাম, "আপনি ঈশ্বরের রাজ্য থেকে দূরে নন, যুবতী মহিলা।"

তিনি বললেন, "যদি তিনি একজন আরোগ্যদানকারী হন, তবে তিনি কি এখনও আরোগ্যদানকারী নন ?"

আমি বললাম, "তিনি অবশ্যই, আমার বোন।"

69 কিন্তু মানুষ শাসন করতে চায়, আর মানুষকে শাসন করতে চায়। আর মানুষ চায়, মানুষ যেন তাদের উপর শাসন করে। তারা ঈশ্বরকে শাসন করতে দিতে চায় না।

70 তাই কীশের এই পুত্র, শৌল নামের, তারা যা চেয়েছিল তার উত্তর ছিল, মহান রাষ্ট্রীয় ব্যক্তি। আর...ওহ, তিনি তাদের যুদ্ধে নিয়ে যেতে পারেন ইত্যাদি। কিন্তু, এটা ঈশ্বরের কাজ করার পথ ছিল না। ঈশ্বর চেয়েছিলেন তাঁর বিশ্বস্ত বৃদ্ধ ভাববাদী যেন তাদের নির্দেশনা দেন, এবং তাদের কাছে তাঁর বাক্য বলেন।

71 এখন, আজ, আমাদের মহান মণ্ডলীর যুগে যেখানে আমরা বাস করি, আমরা, আমি মনে করি, এটি আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি, যে আমরা, ঈশ্বর আমাদের যা করতে আদেশ দিয়েছেন, তার বিপরীতে চলে গিয়েছি। আমাদের ত্রাণকর্তার শেষ বাক্য মার্ক ১৬ তে আছে। বলেছেন:

> *তোমরা সমুদয় জগতে যাও, সমস্ত সৃষ্টির নিকটে সুসমাচার প্রচার কর।*

*যে বিশ্বাস করে ও বাপ্তাইজিত হয়, সে পরিত্রাণ পাইবে;...কিন্তু যে অবিশ্বাস করে, তাহার দণ্ডাজ্ঞা করা যাইবে।*

*আর যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে; তাহারা আমার নামে ভূত ছাড়াইবে, তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে;*

*আর যদি তাহারা সর্প তুলিয়া ফেলে; অথবা... প্রাণনাশক...কিছু পান, তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না; তাহারা পীড়িতদের উপরে...হস্তার্পণ করিবে,... তাহারা সুস্থ হইবে।*

72 সেখানে কেউ নেই, কীশের পুত্র নেই, অথবা অন্য কেউ নেই, যারা পবিত্র আত্মার নেতৃত্বের বাইরে সেটি করতে পারে। কিন্তু আমরা স্কুল তৈরি করেছি, আমরা সেমিনার তৈরি করেছি এবং সংগঠন তৈরি করেছি, সন্তুষ্ট করার—করার জন্য, এবং বাকি বিশ্বের মতো দেখানোর জন্য।

73 এখন, পবিত্র আত্মা এই জাতির নেতা ছিলেন। এই জাতি শাসিত হত যখন...যখন তারা স্বাধীনতার ঘোষণা লিখেছিল। আর সেখানে একটি অতিরিক্ত চেয়ার স্থাপন করা হয়েছিল। আমার মনে সন্দেহের একটি বিন্দুও নেই কিন্তু ঈশ্বরের পুত্র সেই টেবিলে যা রেখেছেন, যখন এই জাতি, ধর্মের স্বাধীনতা এবং সকলের স্বাধীনতার নীতির উপর প্রতিষ্ঠিত হয়েছিল, ঈশ্বরের অনন্ত বাক্যের ভিত্তিতে।

74 কিন্তু আমরা সেটা কলুষিত করেছি। রাজনীতি; আমরা সেখানে পুরুষদের ভোট দিয়েছি, ক্রয়-বিক্রয়ের অধীনে, এবং মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে। যতক্ষণ না...আমাদের জাতি, এবং আমাদের রাজনীতি, এবং আমাদের গণতন্ত্র, এতটাই দূষিত হয়ে যায়, যতক্ষণ না এটা—এটা সাম্যবাদ এবং সব ধরনের মতবাদের সঙ্গে জড়িয়ে পড়ে।

75 আর অনেক সময় আমরা প্রার্থনার জন্য অধিবেশন করে থাকি, যখন লিগ অফ নেশনস মিলিত হয়, এবং সেখানে...অথবা আলোচনা করার জন্য। আর একটি সময় ধরে, সম্প্রতি, প্রার্থনার জন্য একবারও ডাকা হয়নি। কিভাবে আমরা প্রার্থনা ছাড়াই মতভেদ নিষ্পত্তি করতে যাচ্ছি? কিভাবে আমরা আশা করতে পারি, সমস্ত পৃথিবীতে, পবিত্র আত্মার নেতৃত্ব ব্যতীত কখনও কিছু করার জন্য?

76 কিন্তু আমাকে আমাদের জাতি এবং এর পতাকার প্রতি ভালবাসা এবং শ্রদ্ধার সাথে এটি বলতে দিন, এবং যে প্রজাতন্ত্রের জন্য এটি দাঁড়িয়ে আছে: আমরা আমাদের নেতা, পবিত্র আত্মাকে প্রত্যাখ্যান করেছি, এবং কলুষিত রাজনীতির মাধ্যমে বিকৃত মনের লোকদের নিয়ে এসেছি। আর যদি আপনি না দেখেন, তারা এখন পর্যন্ত করা সবচেয়ে মারাত্মক ভুলগুলির মধ্যে একটি করতে চলেছে, কারণ জনগণ লোকদের শাসন করতে চায়।

77 এই মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানীতে আমাদের যা প্রয়োজন, রাষ্ট্রপতি হিসাবে, কংগ্রেসে আমাদের যা প্রয়োজন, আমাদের ন্যায়বিচারের হলগুলিতে আমাদের যা প্রয়োজন, তা হল সেই লোকদের যারা তাদের জীবন ঈশ্বরের কাছে উৎসর্গ করেছেন, এবং পবিত্র আত্মায় পরিপূর্ণ, এবং তাঁর ঐশ্বরিক নির্দেশনা দ্বারা পরিচালিত। কিন্তু, এর পরিবর্তে, আমরা বুদ্ধিমান পুরুষদের বেছে নিই, এমন পুরুষদের যারা "ঈশ্বরস্বরূপিত্বের রূপ ধারণ করে, এবং ঈশ্বরের শক্তিকে অস্বীকার করে," যারা নাস্তিক, এবং কখনও কখনও তার চেয়েও খারাপ, আমরা আমাদের রাজনৈতিক রাজ্যে, আমাদের জাতির মধ্যে নিয়ে এসেছি।

78 শুধু তাই নয়, আমাদের মণ্ডলীতেও। আমাদের মণ্ডলীগুলি এই ভিত্তিতে কলুষিত হয়ে গেছে যে আমরা, আমাদের নেতৃত্ব দেওয়ার জন্য আমাদের মেষপালকদের বেছে নিয়ে, আমরা সেমিনারিতে গিয়েছি এবং এমন পুরুষদের বেছে নিয়েছি যারা বিশাল বুদ্ধিজীবী, পুরুষরা যারা খুব মেধাবী, পুরুষরা যারা বিদ্বান, এবং মানুষের মধ্যে খুব ভালো মিশুকে, এবং আশেপাশের মহান ব্যক্তিগণ, যার বিরুদ্ধে আমার বলার কিছু নেই। ব্যক্তিরা যারা তাদের চলার পথে সদয়, তাদের জীবনযাপনের ক্ষেত্রে সতর্ক, এবং তারা অন্য লোকদের মধ্যে যেভাবে আচরণ করেন, লোকদের মধ্যে, তাদের কার্য্যক্ষেত্রে মহান ব্যক্তিরা, যাদের আমি খারাপ বলি না। ঈশ্বর নিষেধ করুন, আমার আত্মা কখনও ততটা খারাপ হতে পারে। কিন্তু, তবুও, ঈশ্বর আমাদের জন্য সেটি বেছে নেননি।

79 এটা পবিত্র আত্মার নেতৃত্ব: খ্রীষ্ট মানুষের হৃদয়ে। আমাদের বেদীতে দাঁড়িয়ে থাকা সেই বুদ্ধিজীবীদের অনেকেই পবিত্র আত্মার প্রকৃত অস্তিত্ব অস্বীকার করেন। তাদের মধ্যে অনেকেই ঐশ্বরিক আরোগ্যদান এবং আত্মার শক্তির অস্তিত্ব অস্বীকার করেন।

80 আমি গতকাল একটি প্রবন্ধ পড়ছিলাম, আমি বিশ্বাস করি এটি ছিল, জ্যাক কোয়ের সংবাদপত্রের একটি সিরিজ, প্রয়াত জ্যাক কো,...প্রভু যীশুতে আমার ধর্মান্তরিতদের মধ্যে একজন, যিনি তাঁর

সময়ে একজন শক্তিশালী বীর ব্যক্তি ছিলেন। এবং ফ্লোরিডায়, একটি ছোট শিশুকে তার পা থেকে বন্ধনী সরাতে বলার কারণে তাকে প্রশ্ন করার জন্য ডাকা হয়েছিল, আর প্ল্যাটফর্মের উপরে হাঁটানোর জন্য। আর সেই রকম করার পর, শিশুটি প্ল্যাটফর্মের উপর হেঁটে যায়, স্বাভাবিকভাবে, আর মায়ের কাছে এসে পড়ে যায়। সবই খ্রীষ্টের শত্রুর একটি সেটআপ ছিল, এই যুবতী এবং তার স্বামী আমাদের ভাইকে দেশের আদালতে নিয়ে যায়।

81 আর যখন মন্ডলীর সবাইকে ভাই জ্যাকের পাশে দাঁড়ানো উচিত ছিল, যখন মন্ডলীর প্রতিটি লোক, যারা যীশু খ্রীষ্টের নাম উল্লেখ করে, তার পাশে দাঁড়ানো উচিত ছিল, বীরত্বের সাথে, প্রত্যেক ব্যক্তি যারা প্রভু যীশুর নাম ডাকে, তাদের প্রার্থনায় হাঁটু গেড়ে বসে থাকা উচিত ছিল, কিন্তু, তার পরিবর্তে, কাগজের শিরোনাম জুড়ে, আমাদের ধর্মসম্প্রদায়গুলির মধ্যে একটি বলেছিল যে তারা নাস্তিকদের সাথে হাত মিলিয়েছে, দোষারোপ করার জন্য, ভাই জ্যাক কোকে বন্দী করতে। আপনি কি কল্পনা করতে পারেন একটি গির্জা, নিজেদেরকে খ্রীষ্টের নাম বলে, একজন নাস্তিকের সাথে হাত মেলাবে, একজন ধার্মিক ব্যক্তিকে দোষারোপ করার জন্য, যিনি তার সমস্ত হৃদয় দিয়ে বাইবেলের পক্ষে দাঁড়ানোর চেষ্টা করছিলেন ? কিন্তু তারা এটা করেছে।

আর তখন ভাই গর্ডন লিন্ডসে উদ্ধার করার জন্য এসেছিলেন।

82 আর যখন অবিশ্বাসী বিচারক বললেন, "এই লোকটি একজন প্রতারক কারণ সে সেই শিশুর বন্ধনী খুলে ফেলে তাকে প্লাটফর্মের উপরে হাঁটতে বলেছিল, আর বলেছিল যে সে 'আরোগ্য লাভ করেছে।' আর তিনি মিথ্যা কথা বলেছিলেন, এবং তিনি ডাক্তারের আদেশের বিরুদ্ধে কিছু করেছিলেন, তাই তার বিরুদ্ধে প্রতারণার মামলা রয়েছে।"

83 আর মিঃ কো উপরে উঠলেন, আর তিনি বললেন, "মহাশয়, আমি সেই বিবৃতিটি অস্বীকার করি। ঈশ্বর ছেলেটিকে সুস্থ করেছেন।"

84 আর বিচারক বললেন, "আমি এই আদালতে যে কোন ব্যক্তিকে জিজ্ঞাসা করব যদি সেই বিবৃতিটি সত্য হয়, যে ঈশ্বর সেই ছেলেটিকে মঞ্চের এক প্রান্তে সুস্থ করতে পারেন, আর অন্য প্রান্তে তাকে অসুস্থ হতে দেন। যদি সেই বিবৃতি বাইবেল দ্বারা প্রমাণিত হতে পারে, তাহলে আমি বলি মহাশয় কোয়ের তার বক্তব্যের অধিকার আছে।"

85 আর একজন সেবক তার হাত তুলে বললেন, "মহাশয়, আমি কি এটা বলতে পারি?"

আর বিচারক বললেন, "বলুন।"

86 আর সেবক তার পায়ে দাঁড়িয়ে বললেন, "এক রাতে, একটি উত্তাল সাগরে, যখন একটি ছোট জাহাজ ডুবে যাচ্ছিল, তখন পরিত্রাণের সমস্ত আশা চলে যায়। তারা যীশুকে, ঈশ্বরের পুত্রকে, জলের উপর দিয়ে হেঁটে আসতে দেখেছিলেন। আর প্রেরিতদের মধ্যে একজন, পিতর নামে, বললেন, 'প্রভু, যদি এটা আপনি হন, আমাকে জলের উপর দিয়ে আপনার কাছে আসতে বলুন।'" আর তিনি বললেন, "প্রভু, প্রেরিত পিতরকে বললেন, 'এসো।' আর তিনি নৌকা থেকে নামলেন, মহাশয়, যীশুর মতো হাঁটছিলেন, জলের উপর দিয়ে হাঁটছিলেন। কিন্তু যখন তিনি ভয় পেয়ে যান, যীশুর কাছে পৌঁছানোর আগেই তিনি ডুবতে শুরু করেন।"

বিচারক বললেন, "মামলা খারিজ হয়ে গেছে।"

আমাদের পবিত্র আত্মার নেতৃত্বের প্রয়োজন, বুদ্ধিজীবী পুরুষদের নয়।

87 তখন কীশের পুত্র শৌলকে লোকদের শাসনকর্তা নিযুক্ত করা হয়েছিল, আর তিনি দুই হাজার লোককে নিযুক্ত করেছিলেন, আর যোনাথন এক হাজার নিলেন। আর যোনাথন একটি সৈন্যবাহিনীতে গিয়ে একদল অম্মোনীয়কে আঘাত করলেন, বরং অম্মোনীয়দের। আর যখন—তিনি তাদের আঘাত করলেন, শৌল তূরী বাজাইলেন, আর বললেন, "শৌল কি করেছেন তা আপনারা দেখেছেন।" সে ফুলে উঠতে শুরু করে।

88 ঠিক যখন একজন ব্যক্তি ডিভিনিটির ডাক্তার হতে পারেন, অথবা তার নামের পিছনে সামান্য কিছু পেয়ে যান, কমবেশি, একজন সর্বজ্ঞ।

89 ঈশ্বরের লোকেরা নম্র মানুষ। ঈশ্বরের লোকেরা নম্র মানুষ। আপনি যখন এমন কাউকে দেখেন যিনি বলেন যে তারা পবিত্র আত্মা পেয়েছেন, এবং নিজেদের আলাদা করতে শুরু করে, আপাতদৃষ্টিতে, বিশ্বাস নেই, ঘুরে বেড়াচ্ছে, এমন কিছু হওয়ার চেষ্টা করছে, যা তারা নয়, শুধু মনে রাখবেন, তারা প্রভু যীশুকে পায়নি।

90 তারপর আমরা দেখতে পাই যে শত্রু প্রবেশ করে। আর সে ঈশ্বরের লোকদের একটি ছোট দলের কাছে আসতে থাকে, এবং প্রতিটি মানুষের ডান চোখ উপড়ে ফেলতে যাচ্ছে।

91 শত্রু সর্বদা এটাই করার চেষ্টা করে, উভয় চোখ উপড়ে ফেলে দেওয়া, যদি সে পারে, যাতে লোকেরা দেখতে না পায় যে তারা কি করছে। আজ শয়তান প্রতিটি খ্রিস্টানদের কাছে এটাই করার চেষ্টা করে, তার আধ্যাত্মিক দৃষ্টিশক্তি ছিঁড়ে ফেলে, যাতে সে কেবল বিষয়গুলির বুদ্ধিবৃত্তিক অনুভূতি অনুসরণ করতে পারে, এবং পবিত্র আত্মার অনুভূতি তাকে পরিচালিত না করে।

92 তাই যখন তারা সেটা করেছিল, যখন সেই পরাজয় আসে, তখন শৌল দুটি বড় বলদ কেটে সমস্ত লোকদের কাছে পাঠালেন। আর আমি আশা করি আপনারা এখানে লক্ষ্য করবেন, যখন শৌল সমস্ত ইস্রায়েলের কাছে ষাঁড়ের টুকরো পাঠিয়েছিলেন এবং বলেছিলেন, "যে কেহ শৌলের ও শমূয়েলের পশ্চাতে বাহিরে না আসিবে, তাহার বদল সকলের প্রতি *এইরূপ* করা যাইবে।" আপনি কি দেখতে পাচ্ছেন যে তিনি কতটা প্রতারণামূলকভাবে ঈশ্বরের লোকের সাথে নিজেকে উপস্থাপন করার চেষ্টা করছিল? এটা কতটা—কতটা অখ্রিস্টান ছিল! শমূয়েলের কারণে লোকদের ভয় ছিল। কিন্তু লোকেরা শমূয়েলকে ভয় করত বলে শৌল তাদের সকলকে তার অনুসরণ করতে বাধ্য করলেন। "তাদের শমূয়েল *এবং* শৌলের পিছনে আসতে দিন।"

93 আর কতবার, আজ, আমরা এটা শুনেছি! "আমরা বিশাল মণ্ডলী। আমরা খ্রীষ্টের মণ্ডলী। আমরা ঈশ্বরের মণ্ডলী। আমরা সেই—সেই *অমুক-অমুক*।" এটা মানুষকে ভীত করে, আর মনে করে যে সত্যিই সেখানে ঈশ্বর কাজ করছেন। আর তারা পবিত্র আত্মার নেতৃত্ব চায় না। তারা বরং এইরকম লোকদের অনুসরণ করবে, কারণ তারা তাদের নিজস্ব ব্যক্তিগত জীবনযাপন করতে পছন্দ করে। তারা যা বিশ্বাস করতে চায় তা বিশ্বাস করতে পছন্দ করে।

94 আপনারা কি দেখতে পাচ্ছেন? পবিত্র আত্মা আমাদের বিচারক। ঈশ্বর আমাদের কখনই একজন পোপ, অথবা একজন বিশপ, অথবা কাউকে বিচারক হওয়ার জন্য দেননি। পবিত্র আত্মা, ঈশ্বরের ব্যক্তি, পবিত্র আত্মার আকারে, আমাদের বিচারক এবং আমাদের পথপ্রদর্শক। এখন, কেন এটা?

95 দয়া করে এই রূঢ়, এবং সবচেয়ে রূঢ় অভিব্যক্তিটি ক্ষমা করুন। আমি এটা খারাপ বলতে চাই না। আমি এটা ভালবাসা থেকে বলছি।

96 কিন্তু পবিত্র আত্মা বলেছেন আমাদের মহিলাদের জন্য, তাদের চুল কাটা ভুল। আর আমাদের মহিলাদের জন্য ছোট হাফপ্যান্ট এবং

স্ল্যাক্স পরিধান করা ভুল, এবং তাদের ঠোঁট এবং মুখে রং দিয়ে মেক আপ করা। পবিত্র আত্মা বলেন এটা ভুল।

97 কিন্তু আমরা চাই লোকেরা আমাদের বলুক যে এটা ঠিক আছে, "যতক্ষণ আমরা আমাকে এবং শমূয়েলকে অনুসরণ করি।" তারা ছয় দিন বেঁচে থাকতে পছন্দ করে, যেভাবে তারা চায়, এবং রবিবার সকালে গির্জায় যায়। এবং প্রচুর ডিগ্রী সহ একজন ভালো বুদ্ধিজীবী কলেজ স্নাতক তাদের সাথে একটি ছোট্ট ধর্মোপদেশ বলতে পারেন যা...এর মধ্যে কয়েকটি রসিকতা, যা তাদের কানে সুড়সুড়ি প্রদান করবে এবং তাদের বিনোদনের কারণ হবে, যেমন কিছু সিনেমা বা টেলিভিশন প্রোগ্রামে হয়ে থাকে। আর তাদের জন্য একটু প্রার্থনা করবে, এবং তাদের বাড়িতে পাঠিয়ে দিবে এক ধরনের—এক ধরনের স্ব-সন্তুষ্ট নিরাপত্তা নিয়ে, যে তারা তাদের ধর্ম পালন করেছে। এটা পবিত্র আত্মার ইচ্ছা নয়।

98 পবিত্র আত্মা চান আপনি ঈশ্বরীয়ভাবে জীবনযাপন করুন, সপ্তাহের প্রতিদিন এবং প্রতি রাতে, জগতের বিষয়গুলি থেকে নিজেকে পৃথক করুন।

99 কিন্তু মণ্ডলী তা চায় না। তারা এমন কিছু লোক চায়, যিনি—যিনি বাইবেলকে সেইভাবে ব্যাখ্যা করতে পারেন, যে ভাবে তারা শুনতে চায়। তারা বাইবেলের মাধ্যমে পবিত্র আত্মার রব শুনবে না। তাদের মধ্যে অনেকেই বলতে চান, "অলৌকিক কার্যের দিন শেষ হয়ে গেছে।" এটাই মানুষকে সুড়সুড়ি দেয়। তারা বলতে চায়, "পবিত্র আত্মার বাপ্তিস্ম নেই।" লোকেরা, বাকি বিশ্ব যেভাবে আচরণ করে, তার থেকে আলাদা কিছু করতে চায় না। তারা রাস্তায় নামতে চায় না এবং তাদের মুখ ধুয়ে ফেলতে চায় না, আর—আর পরিষ্কার চেহারার পুরুষরা, তাদের মুখে সিগারেট নয়, আর—আর সিগার, এবং পাইপ, আর—আর পুরুষরা যা করে। আর মহিলারা তাদের চুল খুব ছোট করতে চান, আর—আর ছোট পোশাক পরিধান করতে চান, তাদের রূপ দেখানোর জন্য, এবং তারা যা চায় তা দেখানোর জন্য। তারা—তারা এমন পুরুষদের চান যারা তাদের বলবে, "সেগুলো ঠিক আছে।"

100 তারপর, অন্য একদিন রাতে, এখানে একজন ব্যক্তি আমাকে বলতে আসেন, কারণ আমি তাদের বিরুদ্ধে প্রচার করেছি, যে একটি ধর্মসম্প্রদায়, তাদের প্রায় পাঁচজন, বললেন, "আমরা ভাই ব্রানহামকে ছেড়ে দিব, তার সাথে আর কিছু করার নেই। আপনি হয় সেই টেপগুলি ফিরিয়ে নিন, এবং তাদের জন্য ক্ষমাপ্রার্থী হন, নতুবা আমরা আপনাকে ছেড়ে দিব।"

101 আমি বললাম, "আমি ঈশ্বরের বাক্যের সঙ্গে দাঁড়াব। যদি এটা আমার জীবনের সবকিছু নিয়ে নেয়, আমি বাক্যের সাথে থাকব। আর আমি..."

বললেন, "ঠিক আছে, আপনার কি *অমুক-অমুক* টেপ ফিরিয়ে নিবেন না?"

102 আমি বললাম, "আমি আমার জীবনে কখনও এমন কিছু প্রচার করিনি, যার জন্য আমি লজ্জিত। আমি কোন টেপ বা কোন রেকর্ড ফিরিয়ে নিচ্ছি না। পবিত্র আত্মা যা বলেন আমি তার সঙ্গে থাকব। যার দ্বারা আমি বাঁচি আর মরি।" এখন নিজের সম্পর্কে বলার চেষ্টা করছি না। কিন্তু আমি আপনাদের কি ঘটছে তার একটি দৃষ্টান্ত দেওয়ার চেষ্টা করছি, যেন আপনারা দেখতে পারেন এবং বুঝতে পারেন। এটা লোকেরা মানুষের দ্বারা পরিচালিত হতে চায়।

103 তারা শমূয়েলকে চায়নি। তারপর তারা শমূয়েলকে রাজা অভিষিক্ত করার আগে...অথবা শৌল, রাজা, আমাকে ক্ষমা করুন, শমূয়েল আবার তাদের কাছে এলেন। আর আমি ঠিক সেই ভাষায় কথা বলতে যাচ্ছি যেমন তিনি আজ বলতেন। আপনারা এটি পড়তে পারেন। তিনি বললেন, "ঈশ্বর তোমাদের রাজা হলে কি হবে?"

"ঠিক আছে, আমরা ঈশ্বরকে দেখতে পাই না।"

104 "ঠিক আছে, আমি তাঁর প্রতিনিধি," শমূয়েল বললেন, "আমি কি তোমাদের কখনও ভুল বলেছি? আমি কি কখনও এমন কিছু ভবিষ্যদ্বাণী করেছি যা, যেমন আমি বলেছিলাম তেমন ঘটেনি? আমি কি আপনাদের প্রভুর বাক্য বলিনি? আর আমি আপনাকে এটি জিজ্ঞাসা করব: আমি কি কখনও আপনার কাছে এসেছি এবং আপনার কাছে টাকা ভিক্ষা করেছি? আমি কি কখনো আপনার কাছ থেকে কিছু নিয়েছি? **সদাপ্রভু এই কথা কহেন** ব্যতীত আমি কি কখনও আপনার জন্য সরাসরি কিছু এনেছি? আর ঈশ্বর এটা প্রমাণ করেছেন, প্রতিবার, যে এটা সত্য ছিল।" আর তিনি বজ্রপাত এবং বৃষ্টি পাঠালেন (আপনারা শাস্ত্র জানেন, আপনারা, ঠিক সেখানে।) প্রমাণ করার জন্য যে, শমূয়েল ঈশ্বরের মুখপাত্র ছিলেন।

105 আর শমূয়েল নিখুঁতভাবে প্রতিনিধিত্ব করেছেন: আজ, পবিত্র আত্মা—পবিত্র আত্মা হল ঈশ্বরের মুখপাত্র: তিনি ঠিক তাই বলেন যা বাইবেল বলে; তিনি বাইবেল যা বলেন তা বিশ্বাস করেন, এবং এটি থেকে একটুও পরিবর্তিত হন না।

106 কিন্তু তারা এমন কাউকে চেয়েছিলেন যিনি তাদের ভিন্ন কথা বলতে পারেন। আর লোকেরা বলতে পারেনি যে শমূয়েলের

ভবিষ্যদ্বাণী সিদ্ধ ছিল না। তারা উত্তর দিয়ে বলল, "শমূয়েল, আপনি যাহা কিছু বলিয়াছেন প্রভুর নামে, আপনি যেমন বলেছেন, প্রভু তা পূর্ণ করেছেন। সেখানে একটিও ত্রুটি নেই। আপনি কখনও আমাদের কাছে আসেননি এবং আমাদের অর্থের জন্য আমাদের কাছে ভিক্ষা করেননি। আপনি নিজে নিজেকে আশ্রিত করেছেন। আপনি আমাদের কখনই আপনার জন্য কোন মহান, অসামান্য কাজ করতে বলেননি। আপনি আপনার ঈশ্বরের উপর নির্ভর করেছেন, এবং তিনি আপনাকে সমস্ত কিছু থেকে উদ্ধার করেছেন। আর আপনার কথা সত্য। আপনি প্রভুর নামে যা কিছু বলেছেন, আপনি যেমন বলেছেন তেমনই হয়েছে। কিন্তু তবুও আমাদের একজন রাজা চাই।"

107 আপনারা কি অমিল দেখতে পাচ্ছেন ? আপনারা—আপনারা কি শয়তানের চাতুর্য—দেখতে পাচ্ছেন, একজন মানুষের উপর কিভাবে কাজ করতে পারে ? নিজেকে পবিত্র আত্মার কাছে সমর্পণ করার পরিবর্তে, এবং **সদাপ্রভু এই কথা কহেন** তা শোনার পরিবর্তে, একটি বিশুদ্ধ জীবনের জন্য, একটি অপবিত্র চরিত্রের জন্য, একটি ভিন্ন জীবনের জন্য, একটি অদ্ভুত মানুষ, একটি পবিত্র জাতি, একটি অদ্ভুত অভিনয়কারী ব্যক্তি; তারা বরং বিশ্বের সাথে মিলে যায়, এবং বিশ্বের মতো আচরণ করে, এবং এমন কোন গির্জায় যায়, যারা বলে, "সেটা ঠিক আছে, শুধু এইভাবে কাজ করুন আর এগিয়ে যান।"

108 আপনারা এটা কি দেখতে পাচ্ছেন? তারা বলে, "আরোগ্যকরণ বলে কিছু নেই। ওহ, পবিত্র আত্মার বাপ্তিস্ম ছিল মণ্ডলীর জন্য একটি কাঠামো।" অন্য কথায়, তারপর ঈশ্বর মানুষকে নিয়েছিলেন, মণ্ডলী থেকে পবিত্র আত্মাকে বাইরে নিয়ে নেন, এবং ধর্মসম্প্রদায়কে এটি গড়ে তুলতে দেন। কখনই না, কখনই না। সেখানে এমন কোন কিছু নেই। পবিত্র আত্মা, সত্যের বাক্য, যীশু না আসা পর্যন্ত আপনাকে পথ দেখাবেন। কিন্তু এটি—এটি সে পথে চলে যায়।

109 শৌল ক্ষমতায় আসেন। তিনি...তিনি অনেক অনুগামী পেয়েছিলেন। ওহ, তার সুন্দর বর্ম ছিল। তার গায়কের দল ছিল। তার ঢাল ছিল এবং তার বর্শা ছিল। ওহ, তিনি বাকি সমস্ত জাতিকে ছাড়িয়ে গিয়েছিলেন। এবং তিনি তাদের একটি গণতন্ত্রের মধ্যে নিয়ে আসেন, যা এমন কিছু ছিল, যা কেউ কখনও শুনেনি।

110 আর ঠিক এটাই আজ আমাদের ধর্মসম্প্রদায় এবং গির্জাগুলি করেছে। আমাদের কাছে বিশ্বের বৃহত্তম গির্জা আছে। আমাদের

বিশ্বের সবচেয়ে সুন্দর পোশাক পরিহিত ব্যক্তিরা রয়েছেন। আমাদের কাছে সর্বোচ্চ বৃত্তি আছে যা আনা যেতে পারে।

111 শৌলের প্রশিক্ষিত পুরুষদের মতো যারা সেই বর্শাটি নিতে পারে, এবং তারা এটিকে ব্যবহার এবং কৌশলে চালাতে পারত যতক্ষণ না জাতিগুলি তাদের ভয় পায়। তারা সকলে একটি প্রশিক্ষিত মানুষ ছিল। কিন্তু, একদিন, এমন একটি সময় আসে যখন একজন প্রতিদ্বন্দ্বী বেরিয়ে আসে। আর এটা পুরো ইস্রায়েলীয় সেনাবাহিনীকে এত উত্তেজিত করেছিল যে তারা দাঁড়িয়ে যায় এবং তাদের জুতা পরে কাঁপতে থাকে। গলিয়াৎ তাদের একটি চ্যালেঞ্জ করেছিলেন, "তোমরা তোমাদের ঈশ্বরকে যা বলো যদি তিনি তাই হন ! তোমরা সেরা প্রশিক্ষিত।" আর তিনি তাদের চ্যালেঞ্জ করলেন। তারা জানত না কি করতে হবে। তাদের সূক্ষ্ম, পালিশ করা বর্ম কাজ করবে না। তাদের বর্শা কাজ করবে না। সেখানে এমন কিছু ছিল যা তারা আগে শুনেনি, ঘটছিল।

112 আর সমস্ত শ্রদ্ধা এবং ঈশ্বরীয় সম্মান, এবং সম্মান এবং মর্যাদা, এবং প্রেম এবং খ্রিস্টান সহভাগিতা সহ, আমি এটি বলি: আমি অন্য দিন, একটি আফ্রিকান কাগজে পড়েছিলাম, যেখানে আমাদের কীশের পুত্র, আমাদের ধর্মপ্রচারের প্রতিদ্বন্দ্বী, যখন একজন মুসলমান তাকে চ্যালেঞ্জ করেছিলেন, বিলি গ্রাহাম। বলেছিলেন, "যদি তোমাদের ঈশ্বর ঈশ্বর হন, তবে তিনি অসুস্থদের সুস্থ করুন যেমন তিনি বলেছিলেন যে তিনি করবেন।" আর কীশের পুত্র, বাকি সৈন্যদের সঙ্গে, নিজেদের শান্ত করে এবং পরাজিত হয়ে দেশ ছেড়ে চলে যায়। এটি একটি অপমানজনক। আমাদের ঈশ্বর হলেন ঈশ্বর।

113 আমাদের ভালো মন্ডলী আছে। আমাদের ভালো সুসমাচার প্রচারক আছে। আমাদের বেতনভোগী গায়ক আছেন। আমাদের কাছে সেরা গায়ক আছে, দেশের সর্বোচ্চ গায়ক। আমাদের কাছে সেরা ব্যক্তিরা আছেন, তাদের কারো বেশ অর্থ রয়েছে। আমাদের বুদ্ধিজীবী আছে। আমাদের কাছে ধর্মতত্ত্ব আছে; আমরা এটা প্রচার করতে পারি; আমরা এটা বলতে পারি। আমরা সুসমাচার প্রচার করতে পারি এবং লোকদের ভিতরে আনতে পারি, এবং প্রতি বছর লক্ষ লক্ষ, ধর্মান্তরিত করে, মন্ডলীতে নিয়ে আসতে পারি। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।] আমাদের বেতনভোগী গায়কেরা, আমাদের বুদ্ধিবৃত্তিক সুসমাচার প্রচারক, কীভাবে এই ধরনের চ্যালেঞ্জ মোকাবেলা করতে হয় তা জানেন না। তারা এর কিছুই জানে না। তারা তাঁর নিরাময় ক্ষমতা সম্পর্কে, পবিত্র আত্মার বাপ্তিস্ম সম্পর্কে কিছুই জানেন না, সেই শক্তি যা ক্যান্সারে মারা

যাচ্ছেন এমন একজন ব্যক্তির থেকে ছায়াটি সরিয়ে নিতে পারেন এবং তাকে মুক্ত করতে পারেন। তারা এর কিছুই জানে না। তারা সেই ক্ষেত্রে প্রশিক্ষিত হয়নি, যেমন শৌল এবং তার মনুষ্যসৃষ্ট দল ছিল।

114 কিন্তু আমাকে ঈশ্বরের লোকদের এবং সন্তানদের বলতে দিন, যাতে আপনারা জানতে পারেন যে ঈশ্বর আপনাকে কখনও সাক্ষী ছাড়া রাখেন না।

115 না জেনে, শৌলের কাছে, শৌল এই সম্পর্কে কিছুই জানতেন না। কিন্তু ঈশ্বর দায়ূদকে পাহাড়ের পিছনে কোথাও, যিনি ধর্মযাজকীয় আগাছায় ভেড়াদের খাদ্য খাওয়ান নি। তিনি স্থির জলের ধারে এবং সবুজ চারণভূমিতে তাদের নেতৃত্ব দিচ্ছিলেন। তিনি তার পিতার ভেড়ার প্রতি সচেতন ছিলেন। আর যদি কিছু ছুটে আসে, একটি শত্রু, তার পিতার মেষদের একটিকে ধরে ফেলার জন্য, তিনি সেই ভেড়াকে উদ্ধার করার জন্য ঈশ্বরের শক্তি জানতেন।

116 ঈশ্বরের কাছে এখনও একজন দায়ূদ আছে, কোথাও, যিনি জানেন ঈশ্বরের একটি মেষকে উদ্ধার করার অর্থ কী, ঈশ্বরের শক্তি দ্বারা। তিনি এখনও এই বিষয়ে সব জানেন।

117 তিনি বিশ্বাস করেছিলেন। তিনি শৌলের অস্ত্রশস্ত্র সম্বন্ধে কিছুই জানতেন না, তিনি এর কিছুই জানতেন না। তিনি তাদের কোন ধর্মসম্প্রদায় চাননি। তিনি তার উপর পুরানো বর্ম চান না। তিনি বললেন, "আমি এই বিষয়ে কিছুই জানি না। কিন্তু আমি যে শক্তির সম্বন্ধে জানি সেই শক্তিতে আমাকে যেতে দিন।" তিনি তার পিতার মেষ চরাতেন। তিনি চারণভূমির দেখাশোনা করতেন। তিনি তাদের সঠিক ধরনের খাবার দিতেন, আর তারা বেঁচে থাকত এবং উন্নতি করত।

118 "মানুষ কেবল রুটিতেই জীবিত থাকিবে না। কিন্তু ঈশ্বরের মুখ হইতে নির্গত প্রত্যেক বাক্য দ্বারা মানুষ জীবিত থাকিবে।" প্রকৃত মেষপালক তাদের খাওয়ান। "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।" আর যদি শত্রু একজনকে ধরে ফেলে, অসুস্থতায়, তিনি ঈশ্বরের শক্তি জানেন।

119 ছোট দায়ূদের দিকে দেখুন, সেখানে দাঁড়িয়ে ছিলেন। বললেন, "সেই লোকটি জন্ম থেকেই একজন যোদ্ধা। আর তার যৌবন থেকে, তিনি একটি বর্শা এবং বর্ম ছাড়া কিছুই জানতেন না। তিনি ভালো প্রশিক্ষিত। তিনি একজন ধর্মতত্ত্ববিদ। আর আপনারা এই বিষয়ে কিছুই জানেন না।"

120 তিনি বললেন, "এটা সত্য, মহাশয়। আমি তার ধর্মতাত্ত্বিক প্রশিক্ষণ সম্পর্কে কিছুই জানি না। কিন্তু একটি বিষয় আমি জানি, যে, যখন একটি শত্রু প্রবেশ করে, আমার পিতার একটি মেষকে নিয়ে যাওয়ার জন্য, আমি ঈশ্বরের শক্তি দ্বারা গিয়েছিলাম। আমি তাকে উদ্ধার করলাম। আমি তাকে নিরাপদে আবার সুস্থ অবস্থায় ফিরিয়ে আনলাম। আমি তাকে ছায়াময় সবুজ চারণভূমি এবং স্থির জলে ফিরিয়ে আনলাম। আর সেই ঈশ্বর যিনি সিংহকে আমার হাতে সমর্পণ করেছিলেন, আর আমি তাকে বধ করেছি, যখন সে একটি—একটি মেষশাবক নিয়ে গিয়েছিল, আর তিনি আমাকে ভাল্লুককে বধ করতে দেন, আর স্বর্গের ঈশ্বর এই অছিন্নত্বক পলেষ্টীয়কে বধ করার জন্য আমার সঙ্গে যাবেন।"

আমাদের পবিত্র আত্মার নেতৃত্ব প্রয়োজন। আমি আমার দিনগুলি জানি না; কেউ জানে না।

121 অন্য সকালে আমি আমার বিছানায় শুয়ে ছিলাম। আর আমি... ঘুমিয়ে ছিলাম, আমি স্বপ্নে দেখলাম যে যোষেফ অসুস্থ, আর আমি তাকে প্রার্থনা করার জন্য তাকে তুলে নিয়েছিলাম। আর যখন আমি জেগে উঠলাম, আমার খুব মন খারাপ হয়েছিল। আমি বললাম, "ঠিক আছে, হয়তো যোষেফ অসুস্থ হতে চলেছে।"

122 আর আমি তাকালাম, আমার সামনে, একটু, গাঢ় ছায়া, বরং একটি বাদামী বর্ণের ছায়া চলে যায়। আর মনে হচ্ছিল এটা আমি ছিলাম। আর আমি এটা দেখলাম। আর এর পিছনে একজন শ্বেতাঙ্গ আসছিলেন, আর এটি তিনি ছিলেন। আমি আমার স্ত্রীর দিকে তাকালাম, সে জেগে আছে কিনা, যেন আমি তাকে দেখাতে পারি, যদি সে দর্শনটি দেখতে পায়। কিন্তু সে ঘুমিয়ে ছিল।

123 আমি বললাম, "ওহ, আমি দুঃখিত, প্রভু। কিন্তু, এটাই আমার জীবন। আমি যা কিছু করেছি তাতে আপনাকে আমাকে সেখানে নিয়ে যেতে হয়েছিল। প্রতিবার যখন কিছু ঘটবে, আমি মনে করি আপনি সেটা করছেন। আর আমি বুঝতে পারি এটা শয়তান আমাকে এর থেকে দূরে রাখার চেষ্টা করছিল।" আমি বললাম, "আপনি যদি আমাকে পরিচালনা করতে পারেন।" আর যখন আমি তাকালাম, আমি পুরুষদের মধ্যে সবচেয়ে সুন্দর মুখটি দেখতে পেলাম। তিনি আমার সামনে ছিলেন, পিছনে তাকিয়ে ছিলেন। তিনি তার হাত তুলে আমার হাত ধরলেন, আর *এই* দিকে চলতে শুরু করলেন। দর্শন আমাকে ছেড়ে চলে যায়। গত রবিবার সকালে, আমি, খুব ভোরে ঘুম থেকে উঠেছিলাম। সেটা শনিবার ছিল, এই দর্শনটি। হয়...

124 আমি সবসময় চিন্তিত হই, আমি সবসময় মৃত্যুর কথা ভাবি। এখন, আমার বয়স পঞ্চাশ, এখন, আমার সময় নেই...সেটি খুব দীর্ঘ ছিল বলে ভাবিনি। আর আমি ভাবছিলাম আমি সেই থিওফ্যানি, স্বর্গীয় দেহে কী হব। "এটি কি হবে, আমি আমার মূল্যবান বন্ধুদের সঙ্গে সাক্ষাত করব আর বলব, একটি ছোট সাদা কুয়াশা পাশ দিয়ে যাচ্ছে, আর বলব, 'সেখানে ভাই নেভিল যাচ্ছেন,' অথবা, তিনি বলতে পারলেন না, 'হ্যালো, ভাই ব্রানহাম'? আর যখন যীশু আসবেন, তখন আমি আবার মানুষ হব।" আমি প্রায়ই এটা ভাবতাম।

125 আমি স্বপ্ন দেখছিলাম যে আমি বাইরে পশ্চিমে ছিলাম। আর আমি একটি ছোট সেজব্রাশ স্থান দিয়ে আসছিলাম, আর আমার স্ত্রী আমার সঙ্গে ছিলেন, আর আমরা ট্রাউট মাছ ধরছিলাম। আর আমি থামলাম আর—আর গেট খুলে দিলাম। আর আকাশ খুব সুন্দর ছিল। তারা এখানকার উপত্যকার মতো দেখতে ছিল না। তারা নীল ছিল, এবং সুন্দর সাদা মেঘ। আর আমি স্ত্রীকে বললাম, আমি বললাম, "আমাদের এখানে আসা উচিত ছিল, অনেক দিন আগে, প্রিয়।" সে বলল, "বাচ্চাদের স্বার্থে, আমাদের এখানে আসা উচিত ছিল, বিলি।" আমি বললাম, "সেটা..." আর আমি জেগে উঠলাম।

126 আমি ভাবলাম, "আমি অনেক স্বপ্ন দেখছি! আমি ভাবছি, কেন।" আর আমি নিচে তাকালাম, আর সে আমার পাশে শুয়ে ছিল।

127 আর আমি আমার বালিশে উঠলাম, আপনারা অনেকেই এটা করেছেন, আমার মাথা—বিছানার হেডবোর্ডের উপর রাখলাম, আর আমার হাত আমার পিছনে রাখলাম। আর আমি সেখানে *এইভাবে* শুয়ে ছিলাম। আর আমি বললাম, "ঠিক আছে, আমি ভাবছি এটা কি হবে, অন্য দিকে। আমি ইতিমধ্যে পঞ্চাশ, আর আমি এখনও কিছুই করিনি। যদি আমি প্রভুকে সাহায্য করার জন্য কিছু করতে পারি, কারণ আমি জানি আমি নশ্বর নই। আমার অর্ধেক সময় চলে গেছে, অন্তত, অথবা অর্ধেকেরও বেশি। আমি যদি আমার লোকদের মতো জীবিত থাকি, তবুও আমার অর্ধেক সময় চলে গেছে।" আর আমি চারপাশে তাকালাম। আর আমি সেখানে শুয়ে ছিলাম, উঠার জন্য প্রস্তুত হচ্ছিলাম। তখন প্রায় সাতটা বাজে। আমি বললাম, "আমি বিশ্বাস করি আমি আজ সকালে গির্জায় যাব। আমার যদি গলা খারাপ থাকে, আমি ভাই নেভিলকে প্রচার করতে শুনতে চাই।"

128 তাই আমি বললাম, "তুমি কি জেগে আছো, প্রিয় ?" আর সে খুব নিশ্চিন্তে ঘুমাচ্ছিল।

129 আর আমি চাই না আপনারা এটি মিস করুন। এটা আমাকে পরিবর্তন করেছে। আমি সেই ভাই ব্রানহামের মতো থাকতে পারি না।

130 আর আমি তাকালাম। আর আমি কিছু শুনতে পেলাম, বলতে থাকলেন, "আপনি সবে শুরু করছেন। যুদ্ধে যান। এগিয়ে যেতে থাকুন।"

131 আমি এক মিনিট মাথা নাড়লাম। আমি ভাবলাম, "ঠিক আছে, আমি সম্ভবত এইভাবে ভাবছি।" আপনারা জানেন, একজন ব্যক্তি কিছু কল্পনা করতে পারেন। আর আমি বললাম, "আমি সম্ভবত এটা কল্পনা করেছি।"

তিনি বললেন, "যুদ্ধে এগিয়ে যাও। চলতে থাকো। চলতে থাকো।"

132 আমি বললাম, "হয়তো আমি এটি বলেছি।" আর আমি আমার ঠোঁট আমার দাঁতের মধ্যে রাখলাম, আর আমার মুখের উপর হাত রাখলাম।

133 আর সেখানে তিনি আবার আসেন, বললেন, "শুধু এগিয়ে যাও। যদি তুমি জানতে রাস্তার শেষে কি আছে!"

134 আর দেখে মনে হচ্ছিল আমি শুনতে পাচ্ছি গ্রাহাম স্নেলিং, অথবা কেউ, যে গানটি এইভাবে গেয়েছেন (তারা এখানে এটি গায়, আনা মাএ এবং আপনারা সবাই।):

আমি স্বদেশে ফেরার জন্য কাতর এবং নীল, আর
  আমি যীশুকে দেখতে চাই,
আমি সেই মধুর পোতাশ্রয়ের ঘণ্টা ধ্বনি শুনতে
  চাই;
এটা আমার পথকে উজ্জ্বল করবে এবং সমস্ত ভয়
  দূর করবে;
প্রভু, আমাকে সময়ের পর্দার অপর পার্শে দেখতে
  দিন।

আপনারা এটা এখানে মন্ডলীতে গাইতে শুনেছেন।

135 আর আমি কাউকে বলতে শুনলাম, "আপনি কি পর্দার ওপারে দেখতে চান ?"

আমি বললাম, "এটা আমাকে অনেক সাহায্য করবে।"

136 আর আমি তাকালাম। মাত্র এক মুহূর্তের মধ্যে, আমি...এক নিঃশ্বাসে আমি তির্যক একটি ছোট্ট স্থানে চলে এসেছি। আমি পিছনে তাকালাম, আর আমি সেখানে ছিলাম, বিছানায় শুয়ে ছিলাম। আর আমি বললাম, "এটি একটি অদ্ভুত বিষয়।"

137 এখন, আমি চাই না আপনি এটি পুনরাবৃত্তি করুন। এটা আমার মন্ডলীর সামনে, অথবা আমার মেষদের যাদের আমি পালন করছি। এটা হয়ত, আমি এই দেহে ছিলাম অথবা বাইরে, এটি অন্যস্থানে হোক, এটা আমার কাছে কোন দর্শনের মতো ছিল না। আমি সেখানে তাকাতে পারতাম, আর আমি এখানে তাকাতে পারতাম।

138 আর যখন আমি সেই ছোট্ট স্থানটি আঘাত করলাম, আমি কখনও দেখিনি এত লোক ছুটে আসতে, চিৎকার করতে, "ওহ, আমাদের মূল্যবান ভাই!"

139 আর আমি তাকালাম। আর যুবতী মহিলারা, সম্ভবত তাদের বয়স কুড়ির প্রথম দিকে, আঠারো থেকে কুড়ি, তারা আমাকে জড়িয়ে ধরে, চিৎকার করছিল, "আমাদের মূল্যবান ভাই!"

140 এখানে তরুণরা আসেন, যৌবনের পুরুষত্বের প্রভা নিয়ে। আর তাদের চোখ জ্বলজ্বল করছে এবং অন্ধকার রাতের তারার মতো দেখাচ্ছে। তাদের দাঁত মুক্তার মত সাদা। আর তারা চিৎকার করছিল, আর আমাকে জড়িয়ে ধরে চিৎকার করছিল, "ওহ, আমাদের মূল্যবান ভাই!"

141 আমি থামলাম, আর আমি তাকালাম। আমি তরুণ ছিলাম। আমি পিছনের দিকে আমার পুরাতন শরীরের দিকে তাকালাম, সেখানে শুয়ে আছে, মাথার পিছনে হাত রেখে। আর আমি বললাম, "আমি এটা বুঝতে পারছি না।"

142 আর এই তরুণীরা আমাকে জড়িয়ে ধরছে। এখন, আমি জানি যে এটি মিশ্র শ্রোতা, এবং আমি এটি মাধুর্য এবং আত্মার স্নিগ্ধতার সাথে বলি। পুরুষরা মানবিক সংবেদন ছাড়া মহিলাদের উপর আপনার হাত রাখতে পারে না; কিন্তু এটা সেখানে ছিল না। সেখানে গতকাল ছিল না, আগামীকালও ছিল না। তারা ক্লান্ত হননি। তারা... এমন সুন্দরী নারী আমি আমার জীবনে দেখিনি। তাদের কোমর পর্যন্ত চুল ছিল, তাদের পায়ে লম্বা স্কার্ট ছিল। আর তারা আমাকে আলিঙ্গন করছিল। এটা এমন আলিঙ্গন ছিল না যেমন আমার নিজের বোন, সেখানে বসে আছেন, আমাকে আলিঙ্গন করে। তারা আমাকে চুম্বন করছিল না, আর আমি তাদের চুম্বন করছিলাম না। এটা এমন কিছু ছিল যা আমি—আমার কাছে প্রকাশ করার শব্দ ছিল না, আমার

কাছে বলার মতো শব্দ ছিল না। "সিদ্ধতা" এটি স্পর্শ করবে না। "চমৎকার" এমনকি এটি স্পর্শ করবে না, এর কাছেও নয়। এটা এমন কিছু ছিল যা আমি কখনোই...আপনাকে সেখানে থাকতে হবে।

143 আর আমি *এই* দিকে তাকালাম, আর *সেই* দিকে। আর তারা আসছিলেন, হাজারে হাজারে। আর আমি বললাম, "আমি এটা বুঝতে পারছি না।" আমি বললাম, "ঠিক আছে, তারা..."

144 আর এখানে হোপ আসেন। তিনি আমার প্রথম স্ত্রী ছিলেন। তিনি দৌড়ে আসেন, আর কখনো বলেনি, "আমার স্বামী।" তিনি বললেন, "আমার মূল্যবান ভাই," আর যখন তিনি আমাকে জড়িয়ে ধরেন, সেখানে আরেকজন মহিলা দাঁড়িয়ে ছিলেন, তিনি আমাকে জড়িয়ে ধরেছিলেন, আর তারপর হোপ এই মহিলাকে জড়িয়ে ধরেন; প্রত্যেককে। আর আমি ভাবলাম, "ওহ, এটা ভিন্ন কিছু হতে হবে। এটা হতে পারে না...সেখানে কিছু আছে..." আমি ভাবলাম, "ওহ, আমি কি আবার সেই পুরানো দেহের কাছে ফিরে যেতে চাই?"

145 আমি তখন চারপাশে তাকালাম। আমি ভাবলাম, "এটা কি?" আর আমি দেখলাম, সত্যিই ভালো। আর আমি—আমি বললাম, "আমি—আমি এটা বুঝতে পারছি না।" কিন্তু হোপকে মনে হচ্ছিল, ওহ, সম্মানিত অতিথি। তিনি ভিন্ন ছিলেন না, কিন্তু ঠিক একজন সম্মানিত অতিথির মতো।

146 আর আমি তখন একটি কন্ঠস্বর শুনতে পেলাম যিনি আমার সাথে কথা বলেছিলেন, যিনি ঘরে ছিলেন, বললেন, "তুমি এই বিষয়ে প্রচার করেছিলেন, যা হল পবিত্র আত্মা। এটি সিদ্ধ প্রেম। আর এটি ব্যতীরেকে এখানে কেউ প্রবেশ করতে পারে না।"

147 আমি আমার জীবনে যে কোন সময়ের চেয়ে বেশি দৃঢ়প্রতিজ্ঞ, সেখানে প্রবেশ করতে নিখুঁত প্রেম লাগে। সেখানে কোন হিংসা ছিল না। কোন ক্লান্তি ছিল না। কোন মৃত্যু ছিল না। অসুস্থতা কখনও সেখানে থাকতে পারে না। মৃত্যু; কখনও আপনাকে বৃদ্ধ করতে পারে—পারে না। আর...তারা ক্রন্দন করে না। এটা শুধু একটি আনন্দ ছিল।

148 "ওহ, আমার মূল্যবান ভাই!" আর তারা আমাকে নিয়ে গেল, আর আমাকে একটি বড় উঁচু স্থানে স্থাপন করল।

149 আমি ভাবলাম, "আমি স্বপ্ন দেখছি না। আমি ফিরে তাকাই দেখি আমার—আমার শরীর এখানে বিছানায় শুয়ে আছে।"

150 আর তারা আমাকে সেখানে স্থাপন করে। আর আমি বললাম, “ওহ, আমার এখানে বসে থাকা উচিত নয়।”

151 আর এখানে মহিলা এবং পুরুষরা, উভয় দিক থেকে, তাদের যৌবন কালে, চিৎকার করছে। আর একজন মহিলা সেখানে দাঁড়িয়ে ছিলেন, আর তিনি চিৎকার করে বলতে লাগলেন, “ওহ, আমার মূল্যবান ভাই! ওহ, আপনাকে এখানে দেখে আমরা খুব খুশি।”

আমি বললাম, “আমি এটা বুঝতে পারছি না।”

152 আর তখন সেই রব যিনি কথা বলছিলেন, আমার উপর থেকে, বললেন, “আপনারা জানেন, বাইবেলে লেখা আছে যে ভাববাদীরা তাদের লোকদের সঙ্গে একত্রিত হয়েছিলেন।”

আর আমি বললাম, “হ্যাঁ। আমি শাস্ত্রে তা স্মরণ করতে পারি।”

বললেন, “ঠিক আছে, এই সময় আপনি আপনার লোকদের সঙ্গে একত্রিত হবেন।”

আমি বললাম, “তাহলে তারা বাস্তব হবে, এবং আমি তাদের অনুভব করতে পারব।”

“ওহ, হ্যাঁ।”

153 আমি বললাম, “কিন্তু, সেখানে লক্ষ লক্ষ আছে। সেখানে এত বেশি ব্রানহাম নেই।”

154 আর সেই রব বললেন, “তারা ব্রানহাম নন। তারা আপনার ধর্মান্তরিত। এদেরকেই আপনি প্রভুর কাছে নিয়ে এসেছেন।” আর বললেন, “তাদের মধ্যে কিছু মহিলা সেখানে, যাদের আপনি খুব সুন্দরী মনে করেন, যখন আপনি তাদের প্রভুর কাছে নিয়ে আসেন তখন তাদের বয়স নব্বই বছরের চেয়ে বেশী ছিল। আশ্চর্যের কিছু নেই যে তারা চিৎকার করছে, ‘আমাদের মূল্যবান ভাই!’”

155 আর তারা চিৎকার করে উঠল, সকলে একসঙ্গে বলল, “আপনি যদি না যেতেন, আমরা এখানে থাকতাম না।”

আমি চারপাশে তাকালাম। আমি ভাবলাম, “ঠিক আছে, আমি এটা বুঝতে পারছি না।”

আমি বললাম, “ওহ, যীশু কোথায়? আমি তাকে দেখতে চাই।”

156 তারা বললেন, “তিনি একটু উর্দ্ধে আছেন, ঠিক *সেই* পথে।” বললেন, “একদিন তিনি আপনার কাছে আসবেন।” দেখুন? বললেন, “আপনাকে পাঠানো হয়েছে, একজন নেতা হিসাবে। আর ঈশ্বর আসবেন। আর যখন তিনি আসবেন, আপনি তাদের যা

শিখিয়েছেন সেই অনুসারে তিনি আপনার বিচার করবেন, প্রথমত, তারা ভিতরে প্রবেশ করে কি না। আমরা আপনার শিক্ষা অনুসারে প্রবেশ করব।"

157 আমি বললাম, "ওহ্, আমি খুব খুশি। পৌল কি, তাকে কি এভাবে দাঁড়াতে হবে ? পিতরকে কি এভাবে দাঁড়াতে হবে ?"

"হ্যাঁ।"

158 আমি বললাম, "তাহলে আমি প্রতিটি বাক্য প্রচার করেছি যা তারা প্রচার করেছিল। আমি কখনই এটা থেকে বিচ্ছিন্ন হইনি, একদিক থেকে অন্যদিক পর্যন্ত। যেখানে তারা যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম দিয়েছিলেন, আমিও তাই করেছি। যেখানে তারা পবিত্র আত্মার বাপ্তিস্ম শিখিয়েছিল, আমিও তা শিখিয়েছিলাম। তারা যা শিখিয়েছে, আমিও তাই করেছি।"

159 আর তারা চিৎকার করে বলল, "আমরা সেটা জানি। আর আমরা জানি আমরা আপনার সঙ্গে একদিন পৃথিবীতে ফিরে যাব।" বলেছেন, "যীশু আসবেন, আর আপনি যে বাক্য আমাদের প্রচার করেছেন, সেই অনুসারে আপনার বিচার করা হবে। আর তারপর যদি আপনি সেই সময়ে গৃহীত হন, যা আপনি হবেন," আর বললেন, "তখন আপনি আমাদেরকে তাঁর কাছে উপস্থাপন করবেন, আপনার সেবাকার্যের ট্রফি হিসাবে।" বললেন, "আপনি আমাদেরকে তাঁর কাছে পরিচালিত করবেন, এবং, সবাই মিলে, আমরা পৃথিবীতে ফিরে যাব, অনন্তকাল জীবিত থাকার জন্য।"

আমি বললাম, "আমাকে কি এখন ফিরে যেতে হবে ?"

"হ্যাঁ। কিন্তু এগিয়ে যেতে থাকুন।"

160 আমি তাকালাম। আর আমি লোকদের দেখতে পাচ্ছিলাম, যতদূর আমি দেখতে পেয়েছিলাম, তারা আসতে থাকে, আমাকে আলিঙ্গন করতে চায়, চিৎকার করছে, "আমাদের মূল্যবান ভাই !"

161 ঠিক তখনই একটি রব বলল, "তুমি যাদের সকলকে ভালবেসেছ, এবং যারা তোমাকে ভালবেসেছে, ঈশ্বর তোমাকে এখানে দিয়াছেন।" আর আমি তাকালাম। আর এখানে আমার বৃদ্ধ কুকুরটি আসছে, হেঁটে আসছে। এখানে আমার ঘোড়াটি আসছে, আর আমার কাঁধে তার মাথাটি রাখল, আর ঝাঁকুনি দিল। বললেন, "তুমি যাদের ভালবেসেছ, এবং যাহারা তোমাকে ভালবেসেছে, ঈশ্বর তোমার সেবাকার্যের দ্বারা তাদের তোমার হাতে সমর্পণ করেছেন।"

আর আমি অনুভব করলাম নিজেকে সেই সুন্দর স্থান থেকে সরে যেতে।

162 আর আমি চারপাশে তাকালাম। আমি বললাম, "তুমি কি জেগে আছো, প্রিয় ?" সে তখনও ঘুমিয়ে ছিল।

163 আর আমি ভাবলাম, "হে ঈশ্বর! ওহ, আমাকে সাহায্য করুন, হে ঈশ্বর। আমাকে কোন বাক্যের সঙ্গে আপোস করতে দিবেন না। আমাকে সেই বাক্যের উপর থাকতে দিন, এবং এটি প্রচার করতে দিন। কে আসে বা যায়, কেউ কি করে তাতে আমার কিছু যায় আসে না; কতজন শৌল...কীশ-সন্তানগণ উঠে আসেন, কতজন *এটি*, *ওটি*, অথবা *অন্যটি*। আমাকে, প্রভু, সেই স্থানে যেতে দিন।" সমস্ত মৃত্যুর ভয়...

164 আমি এটা বলছি, আমার সামনে আমার বাইবেল নিয়ে, আজ সকালে। আমার সেখানে একটি ছোট বালককে রয়েছে, চার বছর বয়সী, বড় করার জন্য। আমার একটি নয় বছর বয়সী মেয়ে রয়েছে; এবং একজন কিশোরী, যার জন্য আমি কৃতজ্ঞ, সে প্রভুর পথ ফিরিয়ে দিয়েছে। ঈশ্বর, আমাকে বাঁচতে দিন, ঈশ্বরের উপদেশে তাদের লালন-পালন করার জন্য।

165 আর তার উপরে, পুরো বিশ্ব আমার কাছে চিৎকার করছে বলে মনে হচ্ছে, নব্বই বছর বয়সী মহিলা এবং পুরুষরা, এবং সব ধরণের, "আপনি যদি না যেতেন, আমরা এখানে থাকতাম না।"

166 আর, ঈশ্বর, আমাকে যুদ্ধে যেতে দিন। কিন্তু যদি মৃত্যুর কথা আসে, আমি নির্বোধ নই। এই ক্ষয় এবং অসম্মান থেকে সেখানে প্রবেশ করা একটি আনন্দের বিষয় হবে।

167 যদি আমি, একশ বিলিয়ন মাইল উঁচু, একটি বর্গাকার ব্লক তৈরি করতে পারি, আর সেটা হল সিদ্ধ প্রেম, প্রতিটি পদক্ষেপ এই পথে, এটি সংকীর্ণ হয়ে যায়, যতক্ষণ না আমরা এখন যেখানে আছি সেখানে নেমে যাই। এটা শুধু অবক্ষয়ের ছায়া হবে, সেই সামান্য কিছু, যা আমরা অনুভব করতে পারি যে কোথাও কিছু আছে। আমরা জানি না এটা কি।

168 ওহ, আমার মূল্যবান বন্ধুরা, আমার প্রিয়জনরা, সুসমাচারের আমার প্রিয়তমরা, ঈশ্বরের কাছে আমার সন্তানেরা, আমার কথা শুনুন, আপনার পালক। আপনি, আমার কাছে যদি কোন উপায় থাকে যেন আমি আপনাকে এটি ব্যাখ্যা করতে পারি। কোন শব্দ নেই; আমি এটা খুঁজে পাইনি; এটা কোথাও পাওয়া যায় না। কিন্তু এই শেষ নিঃশ্বাসের বাইরে, এটি সবচেয়ে মহিমান্বিত বিষয় যা

আপনি কখনও...এটি ব্যাখ্যা করার কোন উপায় নেই। কোন উপায় নেই। আমি এটা করতে পারি না। কিন্তু আপনারা যাই করুন না কেন, বন্ধুরা, যতক্ষণ না আপনি সিদ্ধ প্রেম না পান ততক্ষণ অন্য সবকিছু একপাশে রেখে দিন। এমন একটি স্থানে যান যেখানে আপনি সবাইকে, প্রতিটি শত্রুকে, অন্য সবকিছুকে ভালোবাসতে পারেন।

169 সেখানে সেই একটি সফর, আমার কাছে, আমাকে একজন ভিন্ন মানুষ বানিয়েছে। আমি কখনই ভাই ব্রানহাম যেমন ছিলাম তেমন হতে পারি না, কখনোই না। বিমানগুলি দুলছে কিনা, বজ্রপাত হচ্ছে কিনা, গুপ্তচরের আমার উপর বন্দুক তাক করছে কিনা, এটা যাই হোক না কেন, এটা কোন ব্যাপার না। আমি যুদ্ধে নামতে যাচ্ছি, ঈশ্বরের অনুগ্রহে। কারণ, আমি প্রতিটি প্রাণী এবং প্রত্যেক ব্যক্তির কাছে সুসমাচার প্রচার করেছি, যা আমার পক্ষে সম্ভব, তাদের সেই সুন্দর ভূমিতে যাওয়ার জন্য অনুপ্রাণিত করেছি।

170 এটা কঠিন মনে হতে পারে। এতে অনেক শক্তি লাগতে পারে। আমি জানি না আর কতক্ষণ। আমরা জানি না, শারীরিকভাবে বলতে গেলে। সেই...অন্য দিন আমার পরীক্ষার পর, তিনি বললেন, "তুমি পঁচিশ বছর কঠিন, ভালো জীবন পেয়েছ। তুমি দৃঢ়।" সেটা আমাকে সাহায্য করেছে। কিন্তু, ওহ, এটা তা ছিল না। এটা তা ছিল না। এটা *এখানে* কিছু রয়েছে। এই ক্ষয়, অক্ষয়ের উপর লাগাতে হবে। এই নশ্বরকে অমরত্ব পরিধান করতে হবে।

171 কিশ-সন্তানগণ উঠিতে পারে। আমি...তারা যা কিছু ভালো কাজ করে, এর বিরুদ্ধে আমার খারাপ কিছু বলার নেই, দরিদ্রদের দান করা। আর মনে রাখবেন, কেন, শমূয়েল শৌলকে বলেছিলেন, "তুমিও ভাববাণী বলিবে।" আর সেই লোকদের মধ্যে অনেকেই মহান, শক্তিশালী প্রচারক, প্রধান দূতের মতো বাক্য প্রচার করতে পারেন। কিন্তু তবুও এটা ঈশ্বরের ইচ্ছা ছিল না। ঈশ্বর তাদের রাজা হতেন। ভাই, বোন, আপনি পবিত্র আত্মাকে আপনাকে পরিচালনা করতে দিন।

আসুন আমরা কিছুক্ষণের জন্য মাথা নত করি।

আমি স্বদেশে ফেরার জন্য কাতর এবং নীল, আর
আমি যীশুকে দেখতে চাই,
আমি সেই মধুর পোতাশ্রয়ের ঘণ্টা ধ্বনি শুনতে
চাই;
এটা আমার পথকে উজ্জ্বল করবে এবং সমস্ত ভয়
দূর করবে;

প্রভু, আমাকে সময়ের পর্দার অপর পার্শে দেখতে দিন।

প্রভু, আমাকে দুঃখ এবং ভয়ের পর্দার অপর পার্শে দেখতে দিন,
আমাকে সেই রৌদ্রোজ্জ্বল জলবায়ু দেখতে দিন;
এটা আমাদের বিশ্বাসকে শক্তিশালী করবে এবং সমস্ত ভয় দূর করবে;
প্রভু, আমাকে সময়ের পর্দার অপর পার্শে দেখতে দিন।

172 আমি নিশ্চিত, প্রভু, যদি এই ছোট্ট গির্জাটি, আজ সকালে, পর্দার অপর পার্শে দেখতে পারে: তাদের মধ্যে কোন দুঃখকষ্ট নেই, কখনও হতে পারে না; কোন অসুস্থতা নয়; সিদ্ধতা ছাড়া কিছুই নেই। আর এটি এখানে এবং সেখানের মধ্যে শুধু একটি শ্বাস, বার্ধক্য থেকে যৌবন, সময় থেকে অনন্ততা, আগামীকালের ক্লান্তি থেকে, এবং গতকালের দুঃখ থেকে, সিদ্ধতায় অনন্ত কালের বর্তমান সময় পর্যন্ত।

173 আমি প্রার্থনা করি, ঈশ্বর, আপনি এখানে প্রত্যেক ব্যক্তিকে আশীর্বাদ করুন, যদি এখানে তারা থাকেন, প্রভু, যারা আপনাকে সেই প্রেমের পথ জানেন না। আর সত্যিই, পিতা, এই ধরনের প্রেম, নতুন জন্ম, নতুন জন্ম ছাড়া কিছুই সেই পবিত্র স্থানে প্রবেশ করতে পারে না। পবিত্র আত্মা, ঈশ্বর, হলেন প্রেম, এবং আমরা জানি যে এটি সত্য। আমরা যদি আমাদের বিশ্বাসের দ্বারা পর্বত স্থানান্তর করি, যদি আমরা মহৎ কাজ করি, তবুও, সেখানে এটি ছাড়া, আমরা কখনই সেই মহান সিঁড়ি বেয়ে উঠতে পারব না। কিন্তু এর সাথে, এটি আমাদের এই পার্থিব চিন্তার বাইরে নিয়ে যাবে। আমি প্রার্থনা করি, পিতা, আপনি যেন এখানকার লোকদের আশীর্বাদ করেন।

174 আর, যেন, প্রত্যেক ব্যক্তি যিনি আমাকে শুনেছেন, আজ সকালে, এই সত্যটি বলতে পারেন, যেন আপনি আমার সাক্ষী হন, প্রভু, প্রাচীনকালের শমূয়েলের মতো, "আমি কি কখনও আপনার নামে তাদের কিছু বলেছি, কিন্তু যা সত্য?" তারাই বিচারক। আর আমি এখন তাদের বলছি, প্রভু, আপনি আমাকে সেই দেশে নিয়ে গেছেন। আর আপনি জানেন যে এটা সত্য।

175 আর এখন, পিতা, যদি এমন কেউ থাকেন, যিনি আপনাকে জানেন না, যেন এই সময়টিতে তারা বলে, "প্রভু, সেই ইচ্ছা আমার মধ্যে স্থাপন করুন যা আপনার ইচ্ছা।" এটা প্রদান করুন, পিতা।

176 আর এখন, আপনি, আপনার মাথা নত করে, আপনি কি আপনার হাত তুলে বলবেন, "ভাই ব্রানহাম, আমার জন্য প্রার্থনা করুন, ঈশ্বর আমার মধ্যে থাকবেন।"

177 এখন যখন আপনি যেখানে আছেন ঠিক সেখানে, খুব মিষ্টিভাবে, আপনি পিতাকে বলুন, "ঈশ্বর, আমার হৃদয়ে, আজ, আমি পৃথিবীর সমস্ত বিষয় ত্যাগ করছি। আমি সমস্ত কিছু ত্যাগ করি, আপনাকে ভালোবাসার জন্য এবং আপনার সেবা করার জন্য, আমার সমস্ত জীবন ধরে। আর আমি, আজ থেকে, এখন থেকে, আপনার বাইবেলের প্রতিটি বাক্যে আপনাকে অনুসরণ করব"? আপনি যদি খ্রীষ্টিয় বাপ্তিস্মে বাপ্তিস্ম না নিয়ে থাকেন, "আমি করব, প্রভু।"

178 "যদি আমি এখনও পবিত্র আত্মা না পেয়ে থাকি..." আপনি জানতে পারবেন যখন আপনি এটি পেয়েছেন। এটা আপনাকে দেবে—এটা আপনাকে সেই আশ্বাস এবং ভালবাসা দেবে যা আপনার প্রয়োজন। ওহ, আপনি হয়তো ভিন্ন কিছু করেছেন, আপনার অনুভূতি ছিল, যেমন আপনি চিৎকার করতে পারেন অথবা অন্য ভাষায় কথা বলতে পারেন, যা ঠিক আছে। কিন্তু যদি সেই ঐশ্বরিক প্রেম সেখানে না থাকে, এখন আমাকে বিশ্বাস করুন, বলুন, "প্রভু, আমার হৃদয়ে স্থাপন করুন, এবং আমার আত্মায়, আপনার আত্মার নিকটে যেন পৌঁছাতে পারি, যাতে আমি ভালবাসতে পারি, এবং সম্মান করতে পারি, এবং সেই ঐশ্বরিক ভালবাসা আমার হৃদয়ে আজ রাখতে পারি, যা আমাকে সেই দেশে নিয়ে যাবে যখন আমার শেষ নিঃশ্বাস আমাকে ছেড়ে যাবে," যখন আমরা প্রার্থনা করি। আপনি নিজে এখন প্রার্থনা করুন। আপনার নিজের মতো করে, আপনি প্রার্থনা করুন, ঈশ্বরকে আপনার জন্য এটি করতে বলুন।

179 আমি আপনাকে ভালোবাসি। আমি আপনাকে ভালোবাসি। ধূসর চুলযুক্ত মূল্যবান ব্যক্তি এখানে বসে আছেন, যিনি কঠোর পরিশ্রম করে ছোট বাচ্চাদের খাওয়ান! দরিদ্র, বৃদ্ধ মারা যারা তাদের চোখ থেকে অশ্রু ঝরিয়েছেন! আপনাকে আশ্বস্ত করতে দিন, প্রিয়, বোন, এটা অন্য পার্শে অদূরে ওপারে এমন নয়। আমি বিশ্বাস করি যে এটা রুমে আছে। এটি শুধু একটি মাত্রা যেখানে আমরা বাস করি। এটি একটি ক্ষয় যেখানে আমরা এখন বাস করছি।

180 "কিন্তু আমার মধ্যে, প্রভু, আপনার ইচ্ছা পূর্ণ হউক।" আপনারা প্রার্থনা করুন, যখন আমরা একসাথে প্রার্থনা করি।

181 শ্রদ্ধার সাথে, প্রভু, আপনার বাক্য এবং আপনার পবিত্র আত্মার ভিত্তিতে, আমরা এত আনন্দিত, আমরা জানি আমাদের জন্ম কোথা থেকে এসেছে। আমরা আনন্দিত যে আমরা "মানুষের ইচ্ছায় কিম্বা দেহের ইচ্ছা থেকে জন্মগ্রহণ করি নাই, কিন্তু ঈশ্বরের ইচ্ছা দ্বারা জন্মগ্রহণ করেছি।"

182 আর আমরা আজ প্রার্থনা করি, পিতা, যারা এখন ক্ষমা প্রার্থনা করছেন, যে আপনার আত্মা সেই কাজটি করবেন, প্রভু। আমার কাছে এটা করার কোন উপায় নেই; আমি একজন মানুষ, কীশের আরেক পুত্র। কিন্তু আমাদের আপনার প্রয়োজন আছে, পবিত্র আত্মার।

183 ঈশ্বর, আমাকে শমূয়েলের মতো হতে দিন, একজন যিনি বাক্যের সত্য বলেন। আর আপনি এটি প্রমাণ করেছেন, এখন পর্যন্ত, আর আমি বিশ্বাস করি যে আপনি তা অব্যাহত রাখবেন, যতক্ষণ আমি আপনার প্রতি সত্য থাকব।

184 তারা সবাই যেন এখন অনন্ত জীবন পায়, পিতা। এই দিনটি যেন তাদের কাছ থেকে কখনও চলে না যায়। যে সময়ে তারা এই পৃথিবী ছেড়ে চলে যাবেন, আমি তাদের যা বলেছি, এটি একটি বাস্তবতার জন্য উন্মুক্ত হোক। আর যখন আমরা এখানে বসে আছি, মরণশীল, আজ, আমাদের ঘড়ির দিকে তাকিয়ে, আমাদের রাতের খাবারের কথা ভাবছি, আগামীকাল কাজের কথা, জীবনের যত্ন এবং পরিশ্রমের কথা, তারা তখন থাকবে না। তারা সব হারিয়ে যাবে। কোন চিন্তা থাকবে না; এবং অনন্তকালের একটি মহান আনন্দ। তাদের সেই ধরণের জীবন দিন, পিতা, প্রত্যেককে। আর হতে পারে...

185 আমি আপনার কাছে এটি জিজ্ঞাসা করছি, পিতা, প্রত্যেক ব্যক্তি যিনি আজ সকালে এখানে আছেন, যিনি আমাকে এই দর্শন বলতে শুনেছেন, আমি যেন তাদের প্রত্যেকের সাথে অপর পার্শ্বে দেখা করতে পারি; যদিও এখানে এমন পুরুষরা থাকতে পারেন যারা আমার সাথে একমত নন, এবং মহিলারাও। কিন্তু, পিতা, এটা কখনও আমাদের পথে বাধা হতে দেবেন না। আমরা যেন সেখানে তাদের সঙ্গে দেখা করি, আর তারাও দৌড়ায়, আর আমরা একে অপরকে জড়িয়ে ধরে চিৎকার করে বলি, "আমাদের মূল্যবান ভাই।" এটা সেখানে যেমন দেখানো হয়েছিল তেমন হতে দিন, প্রভু, প্রত্যেকের কাছে, আমি যাকে ভালবাসি, এবং যারা আমাকে ভালবাসে। আমি প্রার্থনা করি যে এটি এমনই হবে, প্রভু। আর আমি তাদের সবাইকে ভালোবাসি। তাদের উপস্থিত হতে দিন, পিতা।

আমি এখন তাদের অনন্ত জীবন প্রদান করি। তারা যেন তাদের অংশটি করে, এটা গ্রহণ করার জন্য। কারণ আমি এটি যীশুর নামে প্রার্থনা করি। আমেন।

186 আমাদের কাছে মাত্র কয়েক মুহূর্ত আছে, অসুস্থদের জন্য প্রার্থনা করার জন্য। আমি দেখতে পাচ্ছি আমাদের এখানে একটি ছোট, অসুস্থ মেয়ে এবং একজন মহিলা একটি চেয়ারে বসে আছেন।

187 এখন, আমার সবচেয়ে মূল্যবান ভাইদের কাছে, বোনেরা, দয়া করে আমাকে ভুল বুঝবেন না। আমি—আমি জানি না কি হয়েছে। আমি জানি না কি হয়েছে। কিন্তু, যখন আমি মারা যাই, ঈশ্বর, আমাকে সেখানে ফিরে যেতে দিন। শুধু আমাকে সেই স্থানে যেতে দিন, যেখানে আমি থাকতে চাই, এটি যেখানে ছিল। আমি তৃতীয় স্বর্গে থাকা পৌল হওয়ার চেষ্টা করছি না। আমি সেটা বলছি না। আমি বিশ্বাস করি যে তিনি আমাকে উৎসাহিত করার চেষ্টা করেছিলেন, আমাকে ধাক্কা দেওয়ার জন্য আমাকে কিছু দেওয়ার চেষ্টা করছিলেন, আমার নতুন সেবাকার্যের সময় আসছে।

188 আমি এখানে কিছু পড়লে এটা কি অসম্মানজনক বলে মনে হবে, মাত্র এক মিনিট? এটা কি ঠিক হবে? দেশের শীর্ষস্থানীয় পত্রিকাগুলির মধ্যে একটি, বিলি গ্রাহাম:

> *ডাক্তার বিলি গ্রাহাম ইসলামে আমন্ত্রিত, আফ্রিকান্স টাইমস* এর প্রথম পৃষ্ঠায়, পনেরো ফেব্রুয়ারি, 1960। নিবন্ধের লেখক, যিনি একজন মুসলিম, মোহামেডান ছিলেন, মনে করেন যে অলৌকিক কাজগুলি খ্রীষ্টের সুসমাচারের প্রচারকে অনুসরণ করা উচিত, কাল, আজ এবং অনন্ত কাল একই। আমরা উদ্ধৃতি করি: "এটা হল: খ্রীষ্ট তাঁর অনুসারীদের প্রতিশ্রুতি দিয়েছিলেন, যখন তিনি বলেছিলেন, 'যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে; এমন কি, এ সকল হইতেও বড় বড় কার্য্য করিবে।' মণ্ডলী কি কখনও বাইবেলে খ্রীষ্টের সেই গুণাবলী, সেই কাজ—কাজগুলি করেছে? তারা কি আজ করতে পারে? মণ্ডলীর মধ্যে কেউ কি পার্থক্য করতে পারেন, খ্রীষ্টের দ্বারা সম্পাদিত অর্ধেক অলৌকিক কার্য সম্পাদন করার জন্য, 'বৃহত্তর কাজ' না বলার জন্য? আপনি কি, একজন ব্যক্তি হিসাবে, খ্যাতিমান, খ্রিস্টানদের উকিল হিসাবে, মৃতদের পুনরুত্থিত করতে, উঠতে পারেন? আপনি কি সমুদ্রের উপর হাঁটতে পারেন? আপনি কি অসুস্থদের সুস্থ করতে পারেন এবং অন্ধদের দৃষ্টিশক্তি দিতে পারেন? এটা কি, উপরে উল্লিখিত যুগ অনুসারে নয়,

মুসলমানদের দ্বারা ঘোষণা করা, অথবা, কারো কারো বক্তব্য অনুসারে খ্রীষ্টের অনুসারীদের পরীক্ষা করা, আপনার বিশ্বাসে কোথায়?'" মুসলিম নিবন্ধের কাছে বেশিরভাগই স্পষ্টতই একের পর এক ভুল বিবৃতি।

189 তারা এই মুসলিমকে অপমানীত করে, কিন্তু তিনি ঠিক ছিলেন। কিন্তু তাদের যা বলার ছিল তা হল:

যার সেরা উত্তর, বাইবেল পাঠ করা, এবং কোরান জানা। কোরান ভুগেছে যে...তার...তুলনা দ্বারা পীড়িত হয়েছে। সেই দাবি যে "মোহাম্মদবাদ অসামান্য এবং খ্রিস্টান ধর্মকে ছাড়িয়ে যাচ্ছে," এটি বিশুদ্ধ, (শ-ব্দা-ড়-ম্ব-র-পূ-র্ণ) শব্দাড়ম্বরপূর্ণ (আমি মনে করি) কল্পনা। লেখক, তবুও, মণ্ডলীর অন্তর্গত অলৌকিক কাজগুলির বিষয়ে একটি গুরুত্বপূর্ণ বিষয় স্পর্শ করেছেন। কিন্তু এখানে আবার আমরা লেখকের অকপটতা নিয়ে সন্দেহ করি, কে রেভারেন্ড উইলিয়াম ব্রানহাম দ্বারা সম্পাদিত অলৌকিক কাজগুলি দেখাতে পারে এবং বিতর্ক করতে পারে দক্ষিণ আফ্রিকার মুসলমানদের সামনে, যখন দশ হাজার মানুষ খ্রীষ্টকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছিল উইলিয়াম ব্রানহামের সেবাকার্যের অধীনে, ডারবান, দক্ষিণ আফ্রিকায় এবং বিশ্বের অন্য স্থানে, অথবা পূর্ব আফ্রিকার টিএল অসবর্ন? অবশ্যই, আমরা বিলি গ্রাহামের পক্ষে একশ শতাংশ দাঁড়িয়েছি। আমরা প্রশ্নটির বিষয়ে কথা বলেছি, কোন বিষয়ের নয়...এই প্রশ্নের কোন মূল্য নেই।

190 কিন্তু এর প্রতিটি অংশের মাঝে (তারা আমাকে বলেছিল... বলেছিল আমরা ধর্মান্ধ, আমরা জানতাম না আমরা কি করছি।), তাদের সাক্ষ্য দিতে হয়েছিল, তাদের নিজস্ব কাগজে, যেভাবেই হোক ঈশ্বর এটা করেছেন। ঈশ্বর ঠিক ততটাই ঈশ্বর, আজ, যেমন তিনি ছিলেন।

191 আপনি হয়তো ভাববেন যে তারা এটা বিশ্বাস করে না, তারা এটা দেখতে পায় না। এটি গোপনে হয় নি; এটি এক কোণে করা হয় নি।

192 লক্ষ লক্ষ লোক সেখানে বসে, এটা দেখেছিল। যখন তারা সেই পঙ্গু, পীড়িত ছেলেটিকে সেখানে আসতে দেখে, পবিত্র আত্মা তাকে তার জীবন, এবং বিষয়গুলি এবং সেখানে কী ঘটেছিল সে সম্পর্কে বলেন। আর দেখুন দশ হাজার মুসলমান মাটিতে শুয়ে পড়ে, সমতল হয়ে, এবং যীশু খ্রীষ্টকে ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করে।

193 আমরা এখনও টিএল অসবর্ন পেয়েছি, এবং আরও অনেক কিছু, যারা এখনও মেষের খাদ্য খাওয়ায়। আমি অনুমান করি ভাই অসবর্ন মুসলমানদের মধ্যে কখনও যান নি। তারা দাবি করে যে তারা খুব প্রভাবশালী। কিন্তু আমাদের কাছে এখনও একজন ঈশ্বর আছেন যিনি সিংহের হাত থেকে ভেড়াকে উদ্ধার করতে পারেন, মেষকে ভাল্লুক থেকে উদ্ধার করতে পারেন।

194 এটা জেনে আমার ভালো হয়েছে, তাদের এটা লিখতে হবে এবং এটা স্বীকার করতে হবে। না, তারা মনে করে না; তারা সেখানে থেকে চলে যায় এবং তাদের মুখ ফিরিয়ে নেয়, বলে, "আহ, সেই দিনগুলি চলে গেছে।"

195 সেই মুসলমান বললেন, "তারা কি ? তাহলে পুরো বাইবেল চলে গেছে। আপনারা সকলে ভুল করছেন। আপনারা একজন মানুষের উপাসনা করছেন, একজন মানুষ যিনি মারা গেছেন, আর তার নাম ছিল যীশু। আর তিনি মারা গেছেন, বহু বছর আগে, আর তাঁর পুনরুত্থান বলে কিছু নেই।"

196 কিন্তু ডারবানের সভায় তারা সেটা বলতে পারেননি। সেখানে তিনি দাঁড়িয়ে একই কাজ করেছিলেন যা তিনি করেছিলেন, এটা তাদের কাছে প্রমাণিত হয়েছিল। এখন এমনকি ধর্মসম্প্রদায়গুলিকেও ফিরে আসতে হবে, সেই ব্যক্তি যিনি আমাকে লিখেছিলেন এবং বলেছিলেন যে আমাকে বাইবেলে আমার শিক্ষার সন্ধান করতে হবে, তাদের কাগজে এটি লিখতে হয়েছিল। ঈশ্বর তাদের তাঁর প্রশংসা করাবেন, নির্বিশেষে, যেভাবেই হোক। সেটা ঠিক। তিনি তাদের তাঁর প্রশংসা করাবেন, যেভাবেই হোক।

197 আমাদের এখানে একটি অসুস্থ মেয়ে বসে আছে। তিনি আপনার সন্তান ? তার অসুবিধা কি, বোন ? [বোন বললেন, "এটা মস্তিষ্কের রক্তক্ষরণ।"—সম্পাদকীয়।] ম্যাডাম ? ["মস্তিষ্কের রক্তক্ষরণ।"] মস্তিষ্কে রক্তক্ষরণ। ["আমি আপনাকে লিখেছিলাম, বেশ কয়েক বছর আগে, তার মস্তিষ্কে রক্তক্ষরণ সম্পর্কে।"] ওহ, হ্যাঁ। ["সে এখন অসুস্থ, আগস্টে চার বছর হবে।"] চার বছর, আগস্টে। ["ভাই নেভিল তাকে দেখতে গিয়েছিলেন।"] ওহ, এটা কি মারেঙ্গো থেকে, নাকি নিচে কোথাও ? ["পাওলি।"] পাওলি। তাহলে কি এই মেয়েটি ? শুধুমাত্র একটি বিষয় আছে, মা, মেয়েকে বাঁচাতে পারেন: যে, ঈশ্বর তাকে জানেন। ["সে আগের থেকে অনেক ভালো আছে।"] আমি এতে খুব খুশি।

198 আপনি কি তার জন্য প্রার্থনা করতে গিয়েছিলেন, ভাই

নেভিল ? [ভাই নেভিল বলেন, "হ্যাঁ, মহাশয়।"—সম্পাদকীয়।] যেহেতু ভাই নেভিল সেখানে গিয়ে তার জন্য প্রার্থনা করেছিলেন, তাই তার উন্নতি হয়েছে। এখনও মেষপালক আছেন যারা মেষের খাদ্য জানেন।

199 তোমার অসুবিধে কি, প্রিয় বোন, সেখানে চেয়ারে বসে আছেন, আপনার ? [একজন বোন বলেন, "তার ক্যান্সার হয়েছে।"—সম্পাদকীয়।] ক্যান্সার।

200 ঠিক আছে, আমি যদি আপনাকে কিছু জিজ্ঞাসা করি, হয়তো এখানেই। এখানে কতজন...ক্যান্সার থেকে সুস্থ হয়েছেন ? আপনার হাত উপরে তুলুন। এখানে দেখুন, বোন। ["তিনি বধির, আর আপনি যা বলছ তা সে শুনতে পায় না।"—সম্পাদকীয়।]

201 ঈশ্বর আরোগ্যদানকারী। আমরা সেটা জানি। যদি আমি আপনাকে বলি আমি সেখানে গিয়ে মেয়েটির রক্তক্ষরণ দূর করতে পারি এবং তাকে সুস্থ করতে পারি, আমি আপনাকে ভুল বলব, অথবা, মহিলার ক্যান্সারকে সরিয়ে নিতে পারি। কিন্তু আমি একটি বিষয় জানি, সেখানে একটি ভালুক ছিল (একটি ক্যান্সার, একটি টিউমার, একটি অন্ধত্ব, এমনকি মৃত্যু) একদিন ঈশ্বরের কিছু মেষকে ধরে ফেলে, আর আমি ঈশ্বরের শক্তি নিয়ে এগিয়ে গেলাম, আর আমি তাকে হত্যা করে সেই মেষটিকে ফিরিয়ে আনলাম। সেটা ঠিক। আর আমরা আজ এগিয়ে যাই, *অমুক-অমুক*, কোন মহান কিছু নিয়ে নয়। আমি প্রার্থনার ছোট গুলতি নিয়ে এগিয়ে যাই। তিনি তাকে ফিরিয়ে আনবেন।

202 আপনি এটা বিশ্বাস করেন, তাই না, বোন ? আপনিও বিশ্বাস করেন, তাই না, বোন ? আপনাদের কতজন এখন হৃদয় দিয়ে বিশ্বাস করেন ?

203 এখন আপনারা মাথা নত করুন যখন আমি প্রার্থনা করতে যাই।

204 প্রিয় পিতা, একজন সুন্দরী যুবতী এখানে শুয়ে আছেন, আপনি তাকে সাহায্য না করলে তিনি আর হাঁটতে পারবেন না, বা চলাফেরা করতে পারবেন না। শত্রুরা তাকে ধরে ফেলেছে। সে সকল ডাক্তারের নাগালের বাইরে। শত্রুরা তাকে ধাক্কা দিয়ে মহাকাশে এতদূর নিয়ে গেছে, যে কোন ডাক্তার কিছু করতে পারেন না। কিন্তু সে আপনার নাগালের বাইরে নয়, প্রভু। সে ঠিক সেখানে, যেখানে আপনি তার উপর আপনার হাত রাখতে পারেন। ঈশ্বরের বাক্যের ভিত্তিতে, আমি এই তরুণীর উপর আমার হাত রাখি, এবং এই মস্তিষ্কের রক্তক্ষরণকে তিরস্কার করি। যীশু খ্রীষ্টের নামে, তাকে আবার একজন সাধারণ

মহিলাতে নিয়ে আসুন। সে ঈশ্বরের মহিমার জন্য জীবিত থাকবে। সে যেন সুস্থ হয়ে যায়, এই গির্জার ভিতরে এবং বাইরে যাওয়া আসা করতে পারে, অন্যদের মতো যারা এখানে এসেছেন, তাদের মতো, ঈশ্বরের প্রশংসা করুন। তাই যেন হয়, যীশু খ্রীষ্টের মাধ্যমে।

205 তার চুল তুষারপাতের মতো হয়ে যায়, আরও কয়েকটি বৃত্তাকার, আর তিনি সেই দেশে থাকবেন যেখানে আমি আর কোন বৃদ্ধ দেখিনি, কিন্তু তরুণদের দেখেছি। কিন্তু তার প্রিয়জনরা এখানে বসে আছেন, কাঁদছেন, আর তারা তাকে ভালোবাসেন। একটি বিশাল শত্রু যে তাকে ধরে ফেলেছে এবং তাকে ডাক্তারের নাগালের বাইরে নিয়ে গেছে, ক্যান্সারের ভয়ঙ্কর সিংহ। ঈশ্বর, তার জন্য আমি এসেছি। আমি তাকে ফিরিয়ে আনতে এসেছি। আমি ক্যান্সারের সিংহকে হত্যা করি, অপরাজিত খ্রীষ্টের নামে, যার আমি একজন দূত। এটা তাকে ছেড়ে চলে যাক, এবং সে ভালো হয়ে যাক, এবং অনেক বছর জীবিত থাকুক, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ঈশ্বরের সম্মান ও মহিমার জন্য।

206 এখন, স্বর্গীয় পিতা, যিনি মহান বর্ম পরিধানে নন, কোন বক্তার পালিশ করা বর্শা, ভাষা এবং শব্দভাণ্ডারে নয়, কিন্তু একটি সাধারণ, বিশ্বাসের ছোট্ট গুলতি নিয়ে। আমি এই আত্মার জন্য এসেছি, এবং এই শরীরের জন্য যাকে ক্যান্সারের শত্রু ডাক্তারের নাগালের বাইরে নিয়ে গেছে। আমি তার জন্য এসেছি, আজ সকালে, প্রভু, তাকে ছায়াময় সবুজ চারণভূমি এবং স্থির জলে ফিরিয়ে নিয়ে আসি। বিজয়ী যীশুর নামে, আমি তাঁর দূত। অকাট্য বিশ্বাসের সঙ্গে, আমি বিশ্বাস করি যে তাকে ফিরিয়ে আনা হবে, আমাদের এই প্রার্থনার এই শক্তি দ্বারা। তাই যেন হয়... ?...

207 (আমি বিশ্বাস করি সেখানে একটি বাপ্তিস্মমূলক সেবা রয়েছে। রয়েছে কি?) [ভাই নেভিল বলেন, "হ্যাঁ, মহাশয়। দুজন প্রচারক এখনও কিছু লোককে বাপ্তিস্ম দেওয়ার জন্য নিয়ে এসেছেন।"—সম্পাদকীয়।]

208 আপনারা কি এক মুহূর্ত আপনার মাথা উপরে উঠাবেন? এখনই পালক আমাকে বলেছেন...

209 এই লোকেরা খুব, খুব অসুস্থ। তারা ঠিক হয়ে যাবে। শুধু করবেন না...এটা ঠিক আছে। ঈশ্বরের প্রতিশ্রুতি কখনও ব্যর্থ হয় না। আমরা সেগুলো সঙ্গে নিয়ে যাই।

210 তাদের একটি বাপ্তিস্মমূলক সেবা রয়েছে। কিছু লোক রয়েছেন যাদের যেতে হবে। আমরা আজ রাতে আবার সভা করতে যাচ্ছি।

211 এখানে কি কেউ আছেন যিনি আজ রাতে আসতে পারেননি, চান যেন আমরা এখন আপনার জন্য প্রার্থনা করি, যিনি আজ রাতে এখানে থাকতে পারবেন না ? তাহলে আপনি কি এখানে আসবেন, আপনারা যারা আজ রাতে আসতে পারবেন না। আমি আরো সময় নিব; একটি প্রার্থনা লাইন তৈরি করুন, আজ রাতে। তাদের এই লোকদের বাপ্তিস্ম দিতে হবে।

212 আপনার সেখানে একটি ছোট ছেলে আছে ? ঠিক আছে। [একজন ভাই বলেন, "ঠিক আছে যদি আমি তোমাকে এটা দিই ?"—সম্পাদকীয়।] হ্যাঁ, ভাই। আপনাকে অনেক ধন্যবাদ। এটা কি ঠিক হবে যদি আমি এটি একটু পরে পাঠ করি অথবা এখনই ? ধন্যবাদ, মহাশয়।

213 আপনি যদি এখন আমাদের আর এক বা দুই মিনিট সময় দেন, তখন আমাদের বাপ্তিস্মের—জন্য—জন্য সভা হবে। আমি জানি আপনি এটা দেখতে চাইবেন।

214 আর যারা আজ সকালে বাপ্তিস্ম নিতে চান, ঠিক আছে, আপনারা, মহিলারা তাদের পোশাক পরিবর্তন করতে *সেখানে* যান, আর পুরুষরা *এই* দিকে চলে যান। আর তারপর যখন আমি এই অসুস্থ লোকদের জন্য প্রার্থনা করি, তখন আপনারা বাপ্তিস্মের সভার জন্য প্রস্তুত হতে পারেন। আর যারা এখন...

215 এখন, আজ রাতে, আমি একটি—একটি ছোট প্রার্থনা লাইন নেওয়ার চেষ্টা করব, আজ রাতে, ঠিক তখনই, যখন তারা ভিতরে আসেন। আর আমরা আজ রাতে ইফিষীয়দের ১ম পুস্তক থেকে শুরু করতে যাচ্ছি। আমরা আপনাকে পেয়ে খুবই খুশি হব, যদি আপনার কাছে যাওয়ার জন্য কোন গির্জা না থাকে। কিন্তু যদি আপনার নিজের পালক এবং গির্জা থাকে, তাহলে আপনি—আপনি আপনার মূল্যবান মন্ডলীতে যান, যা আপনি সমর্থন করেন।

216 যদি আপনাকে যেতে হয়, আর এখন চলে যাচ্ছেন, ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আপনি যখন পারেন আবার আমাদের সাথে আসুন। আমরা আপনাকে পেয়ে খুশি হব।

217 আপনার জন্যও কি প্রার্থনা করতে হবে, ভাই ? আপনার সমস্যা কি ? উচ্চ রক্তচাপ।

218 এখন, বাকি সকলে, আপনার মাথা নত করুন, এক মিনিটের জন্য, আমরা প্রার্থনা করতে চাই।

219 পিতা, আমি আপনাকে ধন্যবাদ জানাই, আজ, মেষপালকের ছোট্ট ফিঙ্গাটির জন্য, সেই প্রার্থনা যা সিংহকে তার হাঁটুতে নিয়ে

আসে, আর ছোট্ট মেষশাবকটি তার কাছ থেকে দূরে সরে যায়, এবং তার মা এবং বাবার কাছে ফিরিয়ে নিয়ে আসে। আমি আমাদের ভাইয়ের জন্য প্রার্থনা করি। আমি প্রার্থনা করি যে আপনি তাকে নিরাপদে ভিতরে নিয়ে আসবেন, প্রভু। তার শরীরের রক্তচাপ এবং সমস্যাগুলি বন্ধ হোক। আমি তার পিছনে যাই, প্রভু, তাকে ফিরিয়ে নিয়ে আসি, যীশু খ্রীষ্টের নামে। এমনটি যেন হয়। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই।

সেখানে, আমি দেখতে পাচ্ছি আপনি একটি অন্ধ ছেলেকে ধরে আছেন।

220 আর একটি বিষয় আমি বলতে চাই। আমি...খুব অসুস্থ ছিলাম, বমি হচ্ছিল। আর আমি ভাবলাম...আমি চাই না আপনারা এটা মিস করুন, যদি আপনারা পারেন। আমি ভাবলাম, "ঈশ্বর, আমি কি দিব যদি আমি শুনতে পাই বাইরে কেউ আছেন? আমার স্ত্রী বলবে, 'বিলি, এখানে একজন বৃদ্ধ ভদ্রলোক আপনাকে দেখতে এসেছেন।'

221 "আর এখানে একজন আসেন, টাক মাথাওয়ালা লোকটি তার মুখের চারপাশে ধূসর গোঁফ ঝুলছে। তিনি ভিতরে প্রবেশ করে, বলবেন, 'আপনি ভাই ব্রানহাম?'

"আমি বলব, 'হ্যাঁ, মহাশয়, আমিই তিনি।'

222 "'আমার নাম শিমোন।' আমার উপর তার হাত রাখবেন, আর এক মিনিট আমার দিকে তাকাবেন। বলবেন, 'আপনি একজন বিশ্বাসী, ভাই ব্রানহাম।'

"'হ্যাঁ।'

223 "'সব ঠিক হয়ে যাবে।' শিমোন পিতর, বাইবেলের। আমি এটির প্রশংসা করব! তাকে বেশি কিছু বলতে হবে না। শুধু আমার উপর তার হাত রাখবেন, সব ঠিক হয়ে যাবে।"

224 আর তারপর আমার কাছে যা আসে, ঈশ্বরের সাহায্যে, এবং ঈশ্বরের অনুগ্রহে, সেখানে হাজার হাজার লোক একই জিনিস বিশ্বাস করেন, যদি আমি তাদের কাছে আসি। আর আমি ভাবলাম, "প্রভু, তাহলে আমাকে প্রত্যেকের কাছে যেতে দিন। আমাকে শুধু—শুধু..."

225 আমি ভাবলাম, "যদি শিমোন, অথবা পৌল, তাদের মধ্যে কেউ কেউ, এসে বলেন, 'আপনি ভাই ব্রানহাম?'

"'হ্যাঁ।'

226 "তারা আমার উপর হাত রাখেন, আর আমার দিকে দেখেন, আর বলেন, 'ঠিক আছে, ভাই ব্রানহাম,' চলে যান।

227 "আমি সুস্থ হয়ে যাব। আমি ঠিক হয়ে যাব। নিশ্চিত। আমি বললাম...ছেলে, আমার সাহস ঠিক তখনই বেড়ে যাবে। আমি বলব, 'আমি সুস্থ হতে যাচ্ছি।'" হ্যাঁ, মহাশয়।

228 আর সেখানে লোকেরা আজ একই জিনিস বিশ্বাস করে। আর সেটাই করতে আমি এখানে এসেছি, আপনার উপর হাত রাখতে, ঈশ্বরের কাছে প্রার্থনা করার জন্য।

229 আমি এই ছোট ছেলেটির সাথে যেতে চাই, বোন, এক মিনিট। সে একটি ছোট, অন্ধ বালক। সে কতদিন ধরে অন্ধ? [একজন বোন বলেন, "জন্মের থেকে।"—সম্পাদকীয়।] জন্মের থেকে।

230 হাই, ছোট বালক! ওহ, তুমি খুব ভালো, ছোট ছেলে... ?...

231 হে করুণাময় ঈশ্বর! ডাক্তারদের নাগালের বাইরে, এই ছোট্ট ছেলেটির জন্মের থেকে, জন্মান্ধ, সে দেখতে পায় না; এই সুন্দর, সুন্দর ছোট ছেলেটি। আর ছোট ছেলেটির জীবনে সুযোগ পাওয়ার আগে, শত্রু তাকে একজন ডাক্তারের নাগালের বাইরে নিয়ে যায়। তাই, আমি তার পিছনে পিছনে আসছি, আজ সকালে, প্রভু। এই সরল, প্রার্থনার ছোট্ট ফিঙ্গা নিয়ে। আমাকে তাকে ফিরিয়ে আনতে দিন, ঈশ্বর। আমি যীশু খ্রীষ্টের নামে শত্রু, শয়তানের সাথে সাক্ষাৎ করি, এবং আমি এই ছেলেটিকে ঈশ্বরের জন্য দাবি করি। আমি তার দৃষ্টিশক্তি দাবি করি, ঈশ্বরের জন্য, শয়তান যা তার থেকে কেড়ে নিয়েছিল তা তাকে ফিরিয়ে দিই। সে যেন এটা ফিরে পায়। যীশু খ্রীষ্টের নামে, এটা হবে। এখন, তাই যেন হয়।

232 এখন, প্রিয়, বোন, এখন, আপনি এক বিন্দুও সন্দেহ করবেন না যে এই ছোট্ট ছেলেটি ঠিক হয়ে যাবে। আর আমি চাই, আপনি তাকে এখানে গির্জায় নিয়ে আসুন, আর লোকদের দেখান, সে দেখতে পায়, এখন, আপনি কি সেটি করবেন না?

তাকে তার দৃষ্টি প্রদান করি, যীশু খ্রীষ্টের নামে... ?...

233 প্রভু যীশু, জন্য...এই ছোট্টটি যার জন্য আমরা এত প্রার্থনা করেছি! কিন্তু, আজ সকালে, আমি আবার যীশু খ্রীষ্টের নামে এসেছি, এই ছোট্ট ফিঙ্গাটি নিয়ে যা আপনি আমাকে দিয়েছেন। আর আপনি আমাকে এটি দিয়ে সাহায্য করেছেন, প্রভু, আপনার শক্তি দ্বারা, ক্যান্সারের মুখ থেকে...থেকে বের করে আনতে, মৃত্যুর মুখ থেকে, মৃত ঘোষণা করার পর এবং কঠোর ও ঠান্ডা হয়ে যাওয়ার পর, মৃতদেরকে জীবিত করেছেন। আমি যীশু খ্রীষ্টের নামে এই শত্রুর

পিছনে আসি। যেন তাকে আবার সুস্বাস্থ্যে ফিরিয়ে নিয়ে আসি, প্রভু। এটা প্রদান করুন। তাই যেন করা হয়, ঈশ্বরের মহিমার জন্য।

234 আর আপনার জন্য প্রার্থনা করতে হবে? [এক বোন, ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।] আপনি কি বিশ্বাসী? ["হ্যাঁ।"] প্রভু, আমি তাকে এই ছোট্ট ফিঙ্গার নাগালে নিয়ে এসেছি। যীশু খ্রীষ্টের নামে, এটি যেন তাকে ছেড়ে যায় এবং কখনও ফিরে না আসে।

235 [এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।] ঠিক আছে, সেই একই ছোট্ট ফিঙ্গাটি, যেটি গিয়ে ভাই হার্লিকে নিয়ে এসেছিল, এবং আপনার মেয়ে এবং আপনার জন্য।

236 এখন, স্বর্গীয় পিতা, আমি শত্রুর পিছনে আসি, এই ছোট্ট ফিঙ্গাটি ব্যবহার করে যা আপনি আমাকে দিয়েছেন, কারণ আপনি বলেছেন, "যদি তুমি লোকেদের বিশ্বাস করাতে পার, এবং প্রার্থনা করার সময় আন্তরিক হও," সেই ছোট্ট পাথরটি হত্যার বিন্দুতে চলে যাবে। এখন এটা যেতে দিন, প্রভু, যেমন আমি তার অনুরোধে এটি পাঠিয়েছি। যীশু খ্রীষ্টের নামে, এটি যেন সেইরকমই হয়। আমেন।

237 [এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।] ঠিক আছে, বোন। এখন আমরা...স্নায়ু ডাক্তারদের নাগালের বাইরে। তারা আপনাকে শান্ত করার জন্য কিছু দিতে পারে, কিন্তু এটি তারপরে আপনাকে আরও খারাপ করে তুলবে। হ্যাঁ। এখন দেখুন। আমরা আজ সকালে এর পিছনে যাচ্ছি। বাইরে যাচ্ছি; আপনাকে ফিরিয়ে আনতে। [টেপের খালি অংশ।]

238 প্রভু যীশু,...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]...পাঁচটি ছোট পাথর, এফ-এ-আই-টি-এচ, এবং প্রার্থনার ফিঙ্গা। আর আমি আমার বোনকে সেই স্নায়বিকতার খপ্পর থেকে ফিরিয়ে আনছি... ?...ওপারে। আমি তাকে শান্তিতে ফিরিয়ে আনছি এবং ছায়াময় সবুজ চারণভূমি এবং স্থির জলের কাছে। আমি যীশু খ্রীষ্টের নামে এটা করি। আমেন।

[এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।]

239 পিতা ঈশ্বর, এই ছোট্ট মেয়েটি, আমরা খুব আনন্দিত যে এটি পেশীবহুল ডিস্ট্রফি নয়। কিন্তু এটা যাই হোক না কেন, এটা এখনও আপনার নাগালের মধ্যে আছে, প্রভু। আর আমি বিশ্বাসের ছোট্ট ফিঙ্গা নিয়ে আসি, আর এই পাথরটি। আর আমি এই পাথরটিকে সমস্ত শক্তি দিয়ে নিক্ষেপ করি। যেন এটি চিহ্নটিকে আঘাত করে,

যীশু খ্রীষ্টের নামে। আমাদের বোন সুস্থ হয়ে যাক। আমি যীশু খ্রীষ্টের নামে এটা করি।

[এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।]

240 এই যুবতী মা, এবং তার ছোট সন্তান, যার সাথে সে দেখা করতে চায়, অন্য দিকে, সেই মহিমান্বিত দেশে যার কথা আমি এইমাত্র বলেছি, আর তারা...মা জীবিত থাকবেন না...ছোট সন্তানটিকে পালন করবেন, আর আপনার সাহায্য ছাড়া সেই ছোট ছেলেটি বেশি দিন বাঁচতে পারে না। কিন্তু আমি সেই ফিঙ্গা নিয়ে আসছি, সেই সমস্ত শক্তি এবং লক্ষ্য নিয়ে যা আমি শত্রুর বিপক্ষে নিতে পারি। আর যীশু খ্রীষ্টের নামে, আমি এটি তার উপর নিক্ষেপ করছি। তারা সুস্থ হয়ে যাবে, ঈশ্বরের মহিমার জন্য। যীশুর নামে। আমেন।

[এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।]

241 ওহ, এটা খুব সুন্দর। আমি খুশি। ঠিক আছে, সেই সেবাকার্য, তখন, লোকদের নির্দেশ করার সর্বশ্রেষ্ঠ সেবাকার্য ছিল। এটা কাজের দিকে নির্দেশ করে... ?...

242 আমাদের স্বর্গীয় পিতা, শয়তান এই ছোট্ট মাকে ডাক্তারদের নাগালের বাইরে নিয়ে গেছে। তারা কেবল সেইদিকে একটি মাদককে ছুড়ে দিতে পারে, প্রভু, যা তাকে কেবল ছিঁড়ে ফেলবে, সে জানাতে পারে না, সে কোথায় আছে। আর তারপর যখন সে ফিরে আসে, সে আরও খারাপ হয়ে যাবে। কিন্তু আমি বিশ্বাসের এই ফিঙ্গা নিয়ে আসছি, একটি পাথর নিয়ে, একটি প্রত্যক্ষ লক্ষ্য নিয়ে, সেই লক্ষ্যে নিশানা করতে। যীশু খ্রীষ্টের নামে, আমি তার কাছ থেকে এই স্নায়বিকতা সরিয়ে নিই, ঈশ্বরের মহিমার জন্য। আমেন।

[কেউ ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।]

243 প্রিয় ঈশ্বর, ভাই জর্জ সেখানে শুয়ে আছেন, মারা যাচ্ছেন, খুব বেশি দিন আগে নয়, আমি দেখেছি বিশ্বাস তার জন্য কি করেছে। এখন তার বাত হয়েছে, প্রভু। আমরা বুঝতে পারি যে তারা তাকে কিছু কর্টিসোন দিতে পারে, এমন কিছু যা ব্যথা কমাতে পারে, কিন্তু এটা সেই জিনিসটিকে দূরে নিয়ে যাবে না। তাই আমরা এই প্রার্থনাটি, যীশু খ্রীষ্টের নামে করি। বাত যেন চলে যায়। তিনি যেন বাড়িতে সুস্থ হয়ে যেতে পারেন।

ধন্যবাদ, ভাই।

244 তুমি কেমন আছো, প্রিয়? [এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।] ওহ, আমার! বধিরকরণ। আপনি কি আদৌ শুনতে পাচ্ছেন? আহ-হাহ। নশ্বর আওতার নাগালের

বাইরে! আপনি কি প্রভু যীশুতে বিশ্বাসী? [“আমেন।”] আমি সেখানে একজন সুন্দরী মহিলাকে দেখতে পাই, একদিন। আপনি আবার চিরতরে তরুণ হয়ে যাবেন। আমি জানি আপনি এখন তাঁর মহিমার জন্য বাঁচতে চান। ফিরে...

245 [বোন বলেন, “না, আমি আমার ছেলের জন্য শোক করছি।”—সম্পাদকীয়।] আপনার ছেলে। [“সে দুই বছরেরও বেশি সময় আগে চলে গেছে।”] আপনি কি তাকে খুঁজে পাচ্ছেন না? [“সে ঈশ্বরের হাতে আছে।”] ওহ, সে—সে চলে গেছে? [“উহ-হাহ। মৃত্যু উপত্যকা দিয়ে।”] ওহ, সেটা। [“আর আমার দুঃখ।”] বিষাদগ্রস্ত। হ্যাঁ। [“আমি দুঃখিত...আমি দুঃখিত। আর আমি অনুভব করি, যদি ঈশ্বরের ইচ্ছা হয়, আমি চাই তিনি আমাকে নিয়ে যান। তাঁর মধ্যে আমার সুখ ছাড়া আর কিছুই নেই।”]

246 প্রিয় বোন, আমি চাই আপনি সেখানে যান, যেখানে আপনি ভালো অনুভব করেন। তিনি কি আজ সকালে দর্শন শুনেছিল? [অন্য বোন বলেন, “তিনি ঠিক শুনতে পান।”—সম্পাদকীয়।] ঠিক আছে, আপনি তাকে বলুন।

247 ঠিক আছে, তিনি আপনাকে বলতে যাচ্ছেন কি হয়েছে। এখানে আপনার শ্বাসের বাইরে, সেই মূল্যবান ছেলেটি আপনার জন্য অপেক্ষা করছে। আপনি তার মতো তরুণ হবেন। ভালোবাসুন, শুধু ভালোবাসুন...[বোন বলেন, “আমি থাকতে চাই না। আমি তার কাছে যেতে চাই, যদি ঈশ্বরের ইচ্ছা হয়।”—সম্পাদকীয়।]

248 প্রিয় স্বর্গীয় পিতা, জীবনের দৌড় দৌড়ানো হয়েছে। আর বেশি কিছু বাকি নেই। আর তার মূল্যবান ছেলে, নদীর ওপারে, যদি সে ফিরে তাকাতে পারে, সে বলবে, “আর কয়েক দিন মাত্র।” তিনি নৌকার জন্য অপেক্ষা করছেন, প্রভু, যা তাকে কুয়াশার মধ্য দিয়ে সেই মহিমান্বিত দেশে নিয়ে যাবে। তাকে আশীর্বাদ করুন, পিতা, এবং তার হৃদয়কে সান্ত্বনা দিন। আর এটি একটি মহান পুনর্মিলন হতে দিন, ঠিক নদীর ওপারে।

***প্রত্যাখ্যাত রাজা*** BEN60-0515M

(The Rejected King)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সকালে, ১৫ মে, ১৯৬০ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## সত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।



দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org